ও গানওলা আরেকটা গান গাও। আমার আর কোথাও যাবার নেই। কিচ্ছু করার নেই।
"Oh, SONG-WALLAH, sing another song. I've nowhere else to go, nothing in particular to do." (Suman Cattopadhyay)

এখন যেখানে জেনারেল পোস্ট আপিসের ঘড়িওয়ালা বাড়ি, ইংরেজদের প্রথম দুর্গ তৈরি হল সেইখানে, লালদীঘি পাড়ায়।
"Where now stands the general post office building WITH ITS CLOCK FACADE [building ENDOWED WITH A CLOCK] was precisely where the Britishers' first fort was built, in the Lal Dighi neighborhood." (from Lesson 2, I)

বাড়িউলী বাড়ি বদলেছে—
"The LANDLADY had moved—" (Ketaki Kushari Dyson)

একদিন কৃষ্ণমোহন মধুর ব্যাপারে আলোচনা করেন অ্যাংলিকান চার্চের একজন ওপরওয়ালার সঙ্গে।
"One day Krishnamohan [Banerjee] discussed the matter of Madhu [Michael Madhusudan Datta] with one of the HIGHER-UPS in the Anglican church." (Ghulam Murshid)

ক "the one who does an action"

শিবনাথ শাস্ত্রী (১৮৪৭-১৯১৯) প্রধানত ধর্মপ্রচারক ও সমাজসংস্কারক হিসেবে পরিচিত।
"Sibnath Sastri (1847-1919) is mainly known as a PREACHER of religion and a societal REFORMER." (*Advanced Bengali,* p. 107)

কর "making, causing; maker, doer"

মানে, কাজগুলো আপনার পক্ষে স্বস্তিকর হলে মানে খুঁজে পান, আর অস্বস্তিকর হলে মানে খুঁজে পান না, এই তো?
"That is to say, if the actions, from your perspective, MAKE YOU FEEL COMFORTABLE, they are significant, and if they CAUSE YOU DISCOMFORT, you find no meaning in them. That's it, isn't it?" (Ketaki Kushari Dyson)

করণ "making, -ize, -izing, -ization"

যানবাহনসহ সকল গুরুত্বপূর্ণ শিল্প অবিলম্বে জাতীয়করণ করা হবে।
"All vital industries along with transportation shall without delay be NATIONALIZED." (*Advanced Bengali,* p. 260)

কার "the one who does or makes"

তিনি বাংলাদেশের অন্যতম শ্রেষ্ঠ মননশীল প্রবন্ধকার হিসেবেই স্মরণীয়।
"He is remembered as one of Bengal's most thoughtful ESSAYISTS." (*Advanced Bengali,* p. 121)

কারী "the one who does an action"

দেশে যখনই গণতান্ত্রিক হস্তান্তরের সম্ভাবনা দেখাযায়, তখনই ষড়যন্ত্রকারীরা তা বানচাল করে দেবার জন্য উঠে পড়ে লাগে।
"As soon as the possibility is seen for a democratic transfer of power, CONSPIRATORS set about busily to subvert it."
(*Advanced Bengali,* p. 272)

খেকো "one who eats, or something eaten by"

. . . ওরা হচ্চে নেড়ে—আসল গরুখেকো নেড়ে, . . .
". . . they are the *nere*—the original BEEF-EATING *nere*, . . . "
(*Advanced Bengali,* p. 110)

(পোকাখেকো, "moth-eaten")

খোর "one who eats or is addicted to"

তুমি কমলাকান্ত, দূরদর্শী, কেন না, আফিংখোর, তুমিও কি দেখিতে পাও না যে, ধনীর দোষেই দরিদ্রে চোর হয়?
"You are Kamalakanta, a far-sighted one, because, an OPIUM ADDICT—can you not also see that it is through the faults of the rich that the thief is born out of poverty?" (*Advanced Bengali,* p. 105)

গত "pertaining to, related to, internal to; gone to"

সহকর্মী অন্যান্য জাতের অনেক কারুশিল্পীদের মত এরাও জাতিগত পেশা ছেড়ে বেকার হয়ে পড়েছে।
"Like many fellow craftsmen of various other castes, they too [the *patuyas*] have given up their CASTE-RELATED professions and joined the ranks of the unemployed." (*Advanced Bengali,* p. 183)

(আইনগত "legal, legally")
(ব্যেক্তিগত "personal, individualistic")

কুসুম সেইখানে বসিয়া পড়িয়া মহা অভিমান-ভরে তাহার পরলোকগতা জননীকে উদ্দেশ করিয়া বলিয়া উঠিল, 'মা হইয়া এ কি অসহ্য শত্রুতা সন্তানের প্রতি সাধিয়া গিয়াছ মা!'
"Kusum sat down right there and, full of anger and hurt feelings, called out, addressing her DECEASED [GONE TO HEAVEN] mother, 'Ma, as a mother, how could you have nurtured this unbearable enmity towards your own child!'" (Saratcandra Cattopadhyay)

গিরি "the occupation of, -ship"

তিনি হয়তো ভেবেছিলেন, শিক্ষকতা আর পত্রিকার কাজ মিলে তিনি ডেপুটিগিরির তুলনায় বেশি আয় করতে সক্ষম হবেন।
"He perhaps had thought that, with teaching and the job at the paper together, he would be able to earn a better income than with a deputyship [i.e., Deputy Magistrate's position]." (Ghulam Murshid)

চ্যুত "dislocated from, devoid of"

সমাজের মনোরঞ্জন করতে গেলে সাহিত্য যে স্বধর্মচ্যুত হয়ে পড়ে, তার প্রমাণ বাংলাদেশে আজ দুর্লভ নয়।
"It is not hard to find today in Bengal proof that when literature sets off to please society, it becomes DEVOID OF ITS TRUE DHARMA." (*Advanced Bengali,* p. 123)

জ "born, born of, produced by"

এর পেছনে যুক্তি যাই থাকুক না কেন, যে উপকরণে শিল্পীকে কাজ করতে হয় সে জিনিস ঘৃণিত বলে বিবেচিত হওয়ায় চর্মকার সমাজে অন্ত্যজ থেকে গেছে।
"Whatever the reasoning behind this might be, because the materials with which these artisans must work are considered loathsome, leather-workers remained LOW [LOW-BORN] within society." (*Advanced Bengali,* p. 183)

জনক "engendering, producing"

ব্যাধের এই কার্য নিতান্ত অধর্মজনক জ্ঞান ক'রে তিনি বললেন, . . .
"Considering the hunter's deed as most UNRIGHTEOUS, he said, . . . " (*Advanced Bengali,* p. 304)

জীবী "whose livelihood is, one who practices such and such"

পোটোরা [পটুয়ারা] নিজেদের বিশ্বকর্মার সন্তান বলে দাবী করে, ভারতবর্ষীয় সমাজের আর দশটা শিল্পজীবীশ্রেণীর মতই।
"Like a number of other ARTISAN groups in Indian society, *patuyas* claim themselves to be the sons of Visvakarma." (*Advanced Bengali,* p. 183)

জ্ঞ "knowing, versed in"

বেদজ্ঞ তপস্বী পাণ্ডিতশ্রেষ্ঠ নারদকে মুনিবর বাল্মীকি জিজ্ঞাসা করলেন, সম্প্রতি পৃথিবীতে কে আছেন যিনি গুণবান, বীর্যবান, ধর্মজ্ঞ, কৃতজ্ঞ, সত্যবাদী ও দৃঢ়ব্রত।

"That best of sages, Valmiki, asked Narada, that KNOWER OF THE VEDAS, ascetic, and greatest of scholars, 'At present in this world who is there who is virtuous, heroic, VERSED IN THE DHARMA, GRATEFUL [KNOWER/ACKNOWLEDGER OF WHAT WAS DONE FOR HIM], truthful, and firm of resolve?'" (*Advanced Bengali,* p. 303)

তম the superlative suffix, "most"

শ্রমিকের অধিকার: শ্রমিকদের নিম্নতম মজুরী ও মহার্ঘভাতা প্রচলিত অবস্থানুযায়ী নিশ্চিত করা হবে।

"Workers' rights: Workers' MINIMUM daily wages and allowances shall be guaranteed, based upon the current financial situation." (*Advanced Bengali,* p. 260)

(শ্রেষ্ঠতম adj. "best [most best]")
(অন্যতম adj. "one of several, a particular one from among others")

ধর্ম বিষয়ক গদ্য রচনার তিনি অন্যতম স্রষ্টা।

"He [Debendranath Tagore] was ONE OF the pioneers in the field of prose writings of a religious nature." (*Advanced Bengali,* p. 94)

তর the comparative suffix, "more"

জাতীয় উন্নয়নের স্বার্থে পুস্তকের আমদানী ও রপ্তানী নীতি সহজতর করা হোক।

"In the interest of national advancement, let the policy governing import and export of books be LIBERALIZED." (from Lesson 7, I)

তুমি কি জান না যে তোমার চেয়ে প্রিয়তর আমার কেউ নেই, শুধু রাম ছাড়া?[40]

"Don't you know that I have no one MORE DEAR than you, except for Rama?" (*Advanced Bengali,* p. 306)

সেই বিষাদবারি প্রবাহ দর্শন করিয়া অনুতাপী মাবিয়া আরও অধিকতর দুঃখানলে দগ্ধীভূত হইতে লাগিলেন।

"Upon seeing the waves of waters of sorrow [tears], the contrite Mabiya began to burn in the even GREATER flames of sadness." (Mir Mosharraf Hosain)

(শ্রেষ্ঠতর adj. "better [comparatively best]")
(কেমনতর adj. "what sort, of what kind?")

[40]For grammarians of today, the use of তর with the comparative চেয়ে is considered incorrect. Such a construction does occur, however, as the example cited here demonstrates.

তা makes for an abstract noun

নাগরিক অধিকার: বাক্ স্বাধীনতা এবং লেখা, আন্দোলন, মেলামেশা ও সংবাদপত্রের স্বাধীনতা নিশ্চিত ও কার্যক্ষেত্রে প্রযোজ্য হবে।

"Citizens' rights: FREEDOM of speech and for newspapers, FREEDOM to assemble, to discuss, and to write shall be guaranteed and applicable in practice." (*Advanced Bengali,* p. 260)

তুল্য "comparable to, equal to"

. . . ব্রহ্মার নির্মিত সূর্যরশ্মিতুল্য দীপ্ত বাণ . . .

". . . a radiant arrow, COMPARABLE TO THE SUN'S RAYS, made by Brahma . . . " (*Advanced Bengali,* p. 308)

ত্ব makes for an abstract noun

আমাদের পরিশ্রমী মানুষকে বাঁচাতে হবে দারিদ্র্য, রোগ এবং বেকারত্ব থেকে।

"Our hardworking people must be saved from poverty, disease, and UNEMPLOYMENT." (*Advanced Bengali,* p. 273)

দাতা "giver of"

গুপ্ত কবি ও তখন প্রতিভার উৎসাহদাতা ছিলেন।

"Gupta Kobi [Iswarcandra] was at that time also the one WHO GAVE ENCOURAGEMENT to the gifted." (*Advanced Bengali,* p. 107)

দার "possessor of; causing; involved with"

বিলু প্রায়ই নানাকে ঠাট্টা করে বলত—ঐ যে সুভাষ বসুর চ্যালা। অখণ্ড ভারতের দাবীদার।

"Bilu used to tease his grandpa often, saying—'Here's Subhas Basu's disciple. An ADVOCATE FOR [CLAIMANT OF] a united India.'" (Dilara Hashem)

আকবরের আমলে বেহালা থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত জায়গার এঁরা জমিদার।

"During the reign of Akbar, they were the ZEMINDARS [LAND HOLDERS] from Behala to Daksineswar." (from Lesson 2, I)

দ্বয় "two, both" (a dual suffix)

তেমন সময়ে একদিন রাজভ্রাতৃদ্বয়, যতীন্দ্রমোহন ঠাকুর এবং মাইকেলের মধ্যে বাংলা নাটক নিয়ে কথাবার্তা চলছিলো।

"At such a time one day there took place a discussion among THE TWO RAJA BROTHERS [Iswarcandra and Pratapcandra Singh], Yotindra Mohan Tagore, and Michael, about the Bangla theatre." (Ghulam Murshid)

নিষ্ঠ "grounded in, attentive to"

সে বিবেচনা একান্তভাবে একাডেমিক অর্থাৎ ইতিহাসবিচারনিষ্ঠ।
"That judgment is strictly academic, i.e., BASED UPON HISTORICAL CONSIDERATIONS." (*Advanced Bengali,* p. 240)

পনা "-ness, of or pertaining to"

হাসিয়া কহেন দেবী শুন রে বাছনি।
না জানে গৃহিণীপনা তোমার জননী॥
"Smiling, the goddess said, 'Listen here, my dear one,
Your mother knows not what it means TO BE A HOUSEWIFE.'"
(Bharatcandra Ray)

পন্থী "belonging to a particular school, follower of"

তথাকথিত বামপন্থী উপদলের অন্যতম প্রধান নেতা হওয়া সত্ত্বেও . . .
"Despite being one of the main leaders of the so-called LEFTIST faction . . . " (*Advanced Bengali,* p. 262)

পরায়ণ "devoted to, attached to"

রামরাজ্যে লোকে আনন্দিত সন্তুষ্ট, পুষ্ট, ধর্মপরায়ণ, নিরাময়, নীরোগ এবং দুর্ভিক্ষ-ভয়শূন্য হবে।
"In the 'Ram-rajya' [the perfect kingdom], the people will be happy, satisfied, well-nourished, DEVOTED TO DHARMA, free of sickness, free of disease, and devoid of fear and famine." (*Advanced Bengali,* p. 303)

পূর্ণ "full of, possessing"

দেবেন্দ্রনাথ ঊনবিংশ শতাব্দীতে বাংলাদেশের ধর্মান্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন।
"Debendranath had assumed a SIGNIFICANT [FULL OF SIGNIFICANCE] role in Bengal's religious movement in the 19th century." (*Advanced Bengali,* p. 94)

পূর্বক "doing, making; with"

Note: পূর্বক in SADHU functions similarly to ক'রে in CALIT Bangla.

আর কোন্ দেশে এরূপ ভীষণ গর্জনপূর্বক [=গর্জন ক'রে] পদ্মা ও ব্রহ্মপুত্র ধরিত্রী কম্পিত করিয়া চলিয়া যায়?
"In what other land does the Padma and Brahmaputra, MAKING this sort of fearsome ROAR, cause the earth to quake as it flows along?" (*Advanced Bengali,* p. 118)

প্রমুখ "etc., with X at the forefront" (See আদি above.)

> কৈকেয়ী বললেন, মহারাজ, তুমি যে শপথ ক'রে প্রতিজ্ঞাবদ্ধ হ'লে তা ইন্দ্রপ্রমুখ তেত্রিশ দেবতা শুনুন।
> "Kaikeyi said, 'Great king, that promise which you have sworn to and are now bound, let the thirty-three [all] gods, FROM INDRA ON DOWN, hear that.'" (*Advanced Bengali,* p. 306)

প্রিয় "loving, devoted to, dear to"

> ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১) বাংলাসাহিত্যের এবং বাংলাদেশের জনপ্রিয়তম নাম।
> "Iswarcandra Bidyasagar (1820-1891) is a most BELOVED [DEAR TO PEOPLE] name in Bengal and Bangla literature." (*Advanced Bengali,* p. 99)
>
> (শান্তিপ্রিয় "peace-loving")

বদ্ধ "bound to, committed to, resolved"

> তারা স্বাধীন দেশের মানুষ হতে প্রতিজ্ঞাবদ্ধ।
> "They are RESOLVED to become the people of an independent land." (*Advanced Bengali,* p. 273)

বর honorific suffix meaning, literally, "best of"

> সে সময়ে কবিবর ঈশ্বরচন্দ্র গুপ্তের প্রাদুর্ভাবের কাল।
> "That was the time of the emergence into prominence of the esteemed poet Iswarcandra Gupta." (*Advanced Bengali,* p. 107)

বর্তী "located, situated; amenable to"

> পরে মুলতানের পার্শ্ববর্তী চন্দ্রভাগার অনুকরণে কণারকেও এক চন্দ্রভাগার সৃষ্টি হইল।
> "Subsequently, in imitation of Candrabhaga, LOCATED ADJACENT to Multan, a Candrabhaga was built in Konarak also." (*Advanced Bengali,* p. 176)
>
> (একান্নবর্তী পরিবার "a joint family, one that takes its meals together")

বশতঃ "on account of, because of, due to, due to the force of"

> পাঁচালি গানের প্রয়োগরীতির প্রভাববশতঃ বাংলাদেশের অন্যত্র ইহা পরিবর্তিত হইলেও . . .
> "DUE TO INFLUENCES from the way in which the *pancali* songs are put to use, though it has undergone change elsewhere in Bangladesh . . . " (*Advanced Bengali,* p. 207)

বাজ "given to, full of, skilled in"

গিন্নিবাজের মত নমিতাকে বলল, . . .
"In a MATRONLY [FULL OF HOUSEWIFELY] manner, he [Nishith] said to Namita, . . . " (Jibanananda Das)

(ফাঁকিবাজ "one who shirks his duties, a goof-off")

বাদ "-ism, doctrine, theory"

মনুষ না বাঁচলে মার্ক্সবাদীদের মার্ক্সবাদ বৃথা, ফেমিনিস্টদের ফেমিনিজ্‌ম্‌ বৃথা, উদারনৈতিক বুদ্ধিজীবীদের উদারনীতি বৃথা, গণতন্ত্র বাক্‌স্বাধীনতা সমস্ত বৃথা।
"If man does not survive, the Marxists' MARXISM is futile, the feminists' feminism is for nought, the liberal intellectuals' liberalism is without purpose; democracy, freedom of speech, all are futile."
(Ketaki Kushari Dyson)

বাদী "-istic, of a doctrine; -ist, follower of a doctrine"

ম্যানিফেস্‌টোটির এ পর্যন্ত উদ্ধৃত অংশের থেকে একথাইমনে হবে যে সেটি একটি জাতীয়তাবাদী গণতান্ত্রিক সাধারণ কর্মসূচী।
"From the portions of the manifesto cited up to now, it would seem that this is a standard democratic, NATIONALISTIC agenda."
(*Advanced Bengali,* p. 260)

(সত্যবাদী "truthful")

বান (m.), বতী (f.) "possessor of"

. . . আমরাই বাংলাদেশ চালনার ব্যাপারে একমাত্র আইনসঙ্গত ক্ষমতাবান।
". . . in the matter of administering Bangladesh, we alone are legally EMPOWERED." (*Advanced Bengali,* p. 272)

বাসী (m.), বাসিনী (f.) "dwelling, residing, inhabiting"

তারপর বিন্ধ্যাচলের শিখরে বিন্ধ্যাবাসিনী ভবানীর মন্দিরে সন্ধ্যা-পূজোর ঘোর ঘণ্টা বেজে উঠত।
"After that, on the crest of the Vindhya mountains, in the temple of the VINDHYA-DWELLING goddess Bhabani, the bells of the evening puja used to resound." (*Advanced Bengali,* p. 126)

বিষয়ক "relating to, of the subject of"

রাধাকৃষ্ণ-বিষয়ক সংকীর্তনকে সাধারণভাবে কৃষ্ণকীর্তন বলা যায়।
"In general, *samkirtana* songs THAT DEAL WITH RADHA AND KRISHNA are called *Krishnakirtana*." (*Advanced Bengali,* p. 209)

ব্যাপক, ব্যাপী, ব্যাপ্ত "pervading"

রামপ্রসাদের সময়ে দেশব্যাপক অরাজকতা।
"During Ram Prasad's time, anarchy was COUNTRY-WIDE." (*Advanced Bengali,* p. 118)

ব্রত (m.), ব্রতী (f.) "undertaking a vow, firmly resolved to"

স্বর্গবাসী পিতা এক পত্নীব্রত ছিলেন।
"His deceased father was a most DEVOTED [TO HIS WIFE] husband." (Mahasweta Devi)

ভুক্ত "contained in, included in"

. . . এই 'বামপন্থী' উপদলভুক্ত যুবকরাই পূর্ববাঙলায় বিরোধীশক্তিকে সংহত ও সাংগঠনিক রূপ দান করেন।
". . . the youths IN THIS Leftist FACTION gave organizational shape to and mobilized the opposition force in East Bengal." (*Advanced Bengali,* p. 263)

মত (See Lesson 9, III.)

ময় (m.), ময়ী (f.) "possessing, full of, pervading"

এইরূপ আমাদের জাতীয় জীবনের সব দিককার খবর ক্ষুদ্রপুস্তকের ভিতর দিয়া দেশময় প্রচার করিতে হইবে।
"In this fashion, information on our national life from all perspectives should be distributed THROUGHOUT THE COUNTRY in little booklets." (*Advanced Bengali,* p. 270)

মাত্র "all, everyone"; "only, as soon as" (See Lesson 5, II for use with verbal nouns.)

তখন প্রতিভাশালী ব্যক্তি মাত্রেই সাহিত্য জগতে কিছু করিতে ইচ্ছুক হইলে ঈশ্বরচন্দ্র গুপ্তের শিষ্যত্ব স্বীকার করিতেন।
"At that time ALL the talented INDIVIDUALS, if they had aspirations of doing something in the world of literature, used to acknowledge their apprenticeship to Iswarcandra Gupta." (*Advanced Bengali,* p. 107)

পৃথিবীতে জিনিসমাত্রই প্রকাশধর্মী নয়।
"Not EVERYTHING in this world is by nature self-revealing."
(*Advanced Bengali,* p. 112)

মধ্যবিত্ত মধ্যবয়সী বাঙালীমাত্রের ধারাই যে এ রকম সেটা মনে করা হয়তো ঠিক নয়।
"It is not correct, perhaps, to think that this is the life-style [ধারা] of ALL middle-class, middle-aged BENGALIS." (Jibanananda Das)

তিনি মাসিক পত্রিকা সম্পাদক হইতে গিয়া এরূপ মাসিক পত্রিকা সৃষ্টি করিলেন, যাহা প্রকাশমাত্র বাঙ্গালীর ঘরে ঘরে স্থান পাইল।
"When he became the editor of a monthly magazine, he produced such a journal that, IMMEDIATELY UPON ITS PUBLICATION, it found a place in one Bengali's home after another." (*Advanced Bengali,* p. 108)

মান (m.), মতী (f.) "possessing, endowed with"

তিনি . . . বুদ্ধিমান রাজনীতিজ্ঞ, বাগ্মী ও শত্রুনাশক
"He is . . . INTELLIGENT, politically astute, eloquent, and a destroyer of his enemies." (*Advanced Bengali,* p. 303)

মাফিক "like, conforming to"

তবু বলা যায় যে, বিশপস কলেজে ভর্তি হবার পর প্রায় আড়াই বছর তাঁর জীবন ধরা-বাঁধা পথে এবং রুটিনমাফিক চলেছিলো।
"But, it can be said, for about two and a half years following his admission to Bishop's College, his life proceeded along a rigidly fixed path and IN CONFORMITY TO ROUTINE." (Ghulam Murshid)

মূলক "based on, originating from, causing"

কোনো সরকারী কর্মচারীর ওপর প্রতিশোধমূলক ব্যবস্থা নেওয়া হবে না।
"No REPRISAL measures shall be taken against any civil servants."
(*Advanced Bengali,* p. 273)

য makes for an adjective

. . . গ্রাম্য কারিগরি শিল্পসমূহের প্রতিও উপযুক্তদৃষ্টি দেওয়া হবে।
". . . [the government] shall keep suitable watch over RURAL cottage industry also." (*Advanced Bengali,* p. 260)

যুক্ত "possessing, invested with"

স্বর্ণময়-মুষ্টি-যুক্ত খড়্গ ত্রিবিনত ধনু এবং দুই তূণীর নিয়ে রাম চললেন।
"Rama went off carrying his large knife WITH THE GOLDEN HILT, his bow of three bends, and two quivers." (*Advanced Bengali,* p. 308)

যোগ্য "worthy, suitable"

তাঁর প্রধান গ্রন্থগুলির মধ্যে . . . সীতার বনবাস (১৮৬০) বিশেষ উল্লেখযোগ্য।
"Among his prominent publications . . . *Sita's Exile* (1860) is particularly NOTEWORTHY." (*Advanced Bengali,* p. 99)

রত "engaged in, devoted to"

ব্রজগোপিনীদের সঙ্গে নৃত্যরত একাধিক কৃষ্ণ-মূর্তিতে যে লাস্যময় নৃত্যচ্ছন্দ ফুটিয়ে তোলা হয়েছে তার তুলনা পাওয়া কঠিন।
"It is hard to find anything comparable to that amorous tripping rhythm which is lavishly conveyed in many a statue of Krishna ENGAGED IN DANCING with the Gopis." (*Advanced Bengali,* p. 191)

রূপী "in the form of, having the form of, shaped"

সেই বাণ মৃগরূপী মারীচের বক্ষ ভেদ করলে।
"That arrow pierced the chest of Marica, WHO HAD TAKEN THE FORM OF A STAG." (*Advanced Bengali,* p. 308)

লভ্য "obtainable, attainable"

এবং উচ্চ শিক্ষাকে করা হবে সস্তা ও সহজলভ্য।
"And furthermore, higher education shall be made affordable and READILY ATTAINABLE." (*Advanced Bengali,* p. 260)

শালী "possessing"

. . . কিছু সংখ্যক শক্তিশালী জোতদার . . .
". . . a few POWERFUL landowners . . . " (*Advanced Bengali,* p. 262)

শীল "having the nature of, practicing"

এর ফলে যারা ইতিমধ্যে মুসলিম লীগের মধ্যে এসেছিলেন তাঁদের বিপুল অধিকাংশই পরবর্তীকালে রাজনীতির প্রগতিশীল ধারা থেকে বিচ্ছিন্ন হয়ে প্রতিক্রিয়াশীল শক্তিসমূহকেই জোরদার করেন।
"As a result of this, those who in the meantime had come into the Muslim League, subsequently in vast numbers became estranged from the politics' PROGRESSIVE stream and put their strength behind the REACTIONARY forces." (*Advanced Bengali,* p. 263)

শূন্য "devoid of, empty of"

গড়ের মাঠে খেলোয়াড়দের ছুটোছুটি দৌড়াদৌড়ি আগাগোড়া অর্থশূন্য এবং উদ্দেশ্যবিহীন।
"The running about on the maidan by the athletes is utterly DEVOID OF MEANING and purposeless." (*Advanced Bengali,* p. 122)

সঙ্গত "consistent with, conforming to"

. . . চাকুরি ছাড়ার পর বাড়ী থেকে টাকা লওয়া বোধহয় যুক্তিসঙ্গত হইবে না।
". . . after quitting my job it would not be ADVISABLE [LOGICAL], perhaps, to accept money from home." (*Advanced Bengali,* p. 268)

সম "like, similar to"

. . . অমরাবতীসম প্যারিস . . .
". . . HEAVENLY Paris . . . " (*Advanced Bengali,* p. 109)

সমুদায়/সমুদয় "all, whole"; functions as a plural ending

গন্ধর্ব রাক্ষস নিশাচর ও প্রাণী সমেত এই পৃথিবী ওজগৎ—গৃহে বিদ্যমান গৃহদেবতা, এবং অন্যান্য ভূতসমুদায় তোমার কথা শুনুন।
"May this world and universe with all the Gandharvas, Rakshasas, Nishacaras, and other beings—may the household deities present within this house, and ALL THE various and sundry other SPIRITS hear your words." (*Advanced Bengali,* p. 306)

সমূহ functions as a plural ending

মন্ত্রী। ঝড় আরম্ভ হলে সাগরের তরঙ্গসমূহ কখনই শান্তভাবে থাকে না।
"Minister: 'Once the storm begins, the ocean's WAVES never remain calm.'" (Michael Madhusudan Datta)

সমেত "together with, including"; functions as a plural ending

গন্ধর্ব রাক্ষস নিশাচর ও প্রাণী সমেত এই পৃথিবী ওজগৎ—গৃহে বিদ্যমান গৃহদেবতা, এবং অন্যান্য ভূতসমুদায় তোমার কথা শুনুন।
"May this world and universe WITH ALL THE Gandharvas, Rakshasas, Nishacaras, and other beings—may the household deities present within this house, and all the various and sundry other spirits hear your words." (*Advanced Bengali,* p. 306)

সম্পন্ন "possessing, endowed with"

পশ্চিম পাকিস্তানের সাধারণ মানুষ এবং পৃথিবীর শুভবুদ্ধিসম্পন্ন সব মানুষেরই এই দাবী।
"The general populace of West Pakistan and all people OF SYMPATHETIC DISPOSITION demand this." (*Advanced Bengali,* p. 273)

সম্মত "conforming to, in accord with"

কিন্তু আধুনিক সভ্যতার বিষক্রিয়া অনেক দূর পর্যন্ত ঠেকিয়ে রেখেছে ওরা। যে-প্রণালীতে রুখেছে তা বিজ্ঞানসম্মত নয়; কিন্তু বিজ্ঞান কত দিনে মানুষকে কত বেশি আর দান করতে?
"They have managed to hold at bay to a considerable extent the harmful effects of modern civilization. The method by which they have done this is not IN ACCORD WITH SCIENCE, but for how long and how much more can science contribute to mankind?" (Jibanananda Das)

সহ "with"

ছুটি সংক্রান্ত আইনসহ আট ঘণ্টা দিন প্রবর্তন করা হবে।
"ALONG WITH A LAW concerning vacation time, the eight-hour day shall be established." (*Advanced Bengali,* p. 260)

সুদ্ধ "inclusive of"

যাই বল, বাঘের মাপ কখনই ল্যাজ-সুদ্ধ হতে পারেনা। তা হ'লে মেয়েছেলেদের মাপও চুল-সুদ্ধ হবে না কেন?
"No matter what you might say, the measure of a tiger should never be made WITH ITS TAIL INCLUDED. If such [a ridiculous situation] were the case, then why shouldn't the measure of girls also INCLUDE THEIR HAIR?!" (*Advanced Bengali,* p. 137)

(সবসুদ্ধ "all told, all together")

সূচক "introducing; indicating, expressing"

[না-সূচক ভঙ্গিতে মাথা নেড়ে, ক্লান্তভাবে]
[stage directions] "[exhaustedly shaking his head in a manner INDICATING 'NO']" (Ketaki Kushari Dyson)

স্থ "situated in, arrived at"

এঁরা ধ্যানস্থ না হয়ে তর্ক আরম্ভ করলেন দেখে স্থাবর জঙ্গম আশ্বাস পেয়ে ক্রমশ প্রকৃতিস্থ হল।
"Seeing that rather than MEDITATING [BECOMING ENGROSSED IN MEDITATION] they [the gods] had begun to bicker, all beings, animate or no, took heart and gradually RETURNED TO NORMAL [ARRIVED AT THEIR NATURAL STATE]."
(Parasuram, in *Bengali Prose Reader,* p. 93)

স্থায়ী "lasting, standing, remaining"

. . . আমাদের জনসাধারণ দীর্ঘস্থায়ী মুক্তির লড়াইয়ের জন্য প্রস্তুত।
". . . our people are prepared for a PROTRACTED freedom fight."
(*Advanced Bengali,* p. 273)

হারা "lost, losing"

কি আজ ভীল রাজকুমার রাজ্যহারা হয়ে রাগে-দুঃখে বুক ফেটে মারা পড়তো?
"Would the Bhil prince, HIS KINGDOM LOST, have died today, his breast rent by anger and grief?" (*Advanced Bengali,* p. 129)

হীন "devoid of"

. . . যেন মহাতম সূর্যচন্দ্রহীন সন্ধ্যার সন্নিহিত হ'ল।
". . . as though the darkest, SUN-AND-MOONLESS evening drew nigh."
(*Advanced Bengali,* p. 308)

LESSON 13

I. চিঠি

২১-বি, গড়িয়াহাট রোড
কলকাতা ২৯
৫ই এপ্রিল

প্রিয় ক্লিণ্ট,

তোমার সঙ্গে কি স্মৃতিশেখর চক্রবর্তীর যোগাযোগ আছে? তাহলে বোধ হয় ওঁর কাছে শুনেছো যে 'সপ্তর্ষিমণ্ডল'-এর নতুন সংখ্যা বেরিয়েছে। এখন থেকে আমি খুব মন দিয়ে 'সপ্তর্ষিমণ্ডল' প্রকাশ করতে চাই। সেইজন্যই এই চিঠি।

আমার সেদিন খেয়াল হ'লো যে জীবনানন্দ-বিষয়ে তুমি যতোটা জানো তা আর খুব কম লোক জানে। জীবনানন্দের শৈশব কেমন পরিবেশে কেটেছে? তাঁর প্রথম কবিতা, তাঁর মানসিক গড়ন, তাঁর পড়াশুনো, তাঁর প্রেম—তুমি কি এই অন্ধকারে একটু আলো ফেলবে? জীবনানন্দের জীবন বিষয়ে কোনো লেখা আমায় পাঠাবে? আমি অনুবাদ ক'রে নেবো। এরকম লেখা আমি কেন চাই তা তো স্পষ্ট; কিন্তু তোমার ভবিষ্যৎ গবেষণার পক্ষেও এটা উপকারী হবে। তুমি কী রকম কাজ করেছো তার নমুনা পেলে লোকেরা ভবিষ্যতে তোমাকে তথ্য ও পাণ্ডুলিপি-ইত্যাদি দিয়ে হয়তো সাহায্য করতে আরো উৎসুক হবে।

তুমি ছাড়া, বাংলা ও ভারতীয় কোনো বিষয়ে আর কাউকে কী লেখা দিতে বলা যায়? কে কী কাজ করছেন? স্মৃতিদা কি বাংলায় আমার জন্যে একটা 'শিকাগোর চিঠি' পাঠাবেন? 'শিকাগো রিভিউ'-এর সম্পাদক এখন কে? সল বেলো-র সঙ্গে কেউ একটা ইণ্টারভিউ নিতে পারে? মহাভারতের অনুবাদ কতোদূর? তুমি আমাকে এক গাদা খবরে ঠাসা একটা চিঠি দাও, শিগ্‌গির এদেশে আসা এখন তো সহজ? কী বলো, ততোদিন কেবল চিঠিতেই

তোমার
(সই)

II. INFINITIVE

Some linguists identify the verbal form illustrated in (A) and (B) below as the "present participle." Both *Intro Bengali* and *Advanced Bengali* call it the "infinitive," thereby making no distinction between a present participle, which looks like an infinitive, and the infinitive. This book likewise makes no distinction between the present participle and the infinitive, calling both infinitives.

A. REDUPLICATED INFINITIVES mean "while (verb)+ing"[41]
(Review *Intro Bengali,* p. 378.)

একটা ছেলে কাছে আসতে-আসতে বললে, 'স্কোর কতো?'
"A guy, as he was coming toward [us], asked, 'What's the score?'"
(Abdul Mannan Syed)

দু'মিনিট না যেতে যেতে দেখি সেই ছেলে ফের দুলতে আরম্ভ করেছে।
"In the course of a few minutes [while two minutes are passing by] I see that very boy once again begin to swing."
(*Advanced Bengali,* p. 116)

দেখতে দেখতে has the idiomatic meaning of "immediately."
Literally: "while looking" or "right before one's very eyes."

থাকতে, meaning "while staying, residing, living, existing," is at times NOT REDUPLICATED:

তা ছাড়া দেশে গিয়া যে রকম কাজ আরম্ভ করিব, তদুপযোগী লেখাপড়া এখানে থাকিতে করাও সম্ভব।
"Moreover, it is also feasible to pursue, WHILE RESIDING here [in England], studies appropriate to the kind of work I'll be doing when I get back home." (*Advanced Bengali,* p. 268)

[41] The reduplicated PAP of a number of verbs functions in the same way, meaning "while the action expressed by the verb is continuing":
অনেকগুলো ছেলেয় মিলে খেলা করে, বসে বসে দেখি।
"I sit and watch [WHILE SITTING I watch] many children playing together."
(*Advanced Bengali,* p. 115)

বরিশালে থাকতে যখন দুজন মিলে খালে ছিপ ফেলে মাছ ধরত, . . .
"WHILE LIVING in Barisal when the two of them together used to cast their lines in the canal and catch fish, . . . " (Dilara Hashem)

কিন্তু আমি বেঁচে থাকতে রাজত্ব সস্তায় বিকোবে না।
"But AS LONG AS I'M ALIVE, [she] will not sell the kingdom cheaply." (Anon.)

ঠাকুমা মারা যান আমি গড়পারে থাকতে-থাকতেই।
"Gramma died WHILE I WAS LIVING in Garpar." (Satyajit Ray)

গড়পারে থাকতেই ইউ রায় অ্যাণ্ড সন্স থেকে দাদুর লেখা অনেক ছোটদের বই বেরিয়ে গিয়েছিল—
"DURING THE TIME I WAS in Garpar, a lot of children's books written by Grandfather had been published from U Ray and Sons." (Satyajit Ray)

The subject of the infinitive need not be the same as the subject of the finite verb.

JUST TO REVIEW, the general rules for agreement of subjects when the sentence has one of the four nonfinite Bangla verbal forms in a dependent clause and a finite verb in the main clause: The subject of the (1) infinitive, (2) conditional conjunctive, or (3) verbal noun need not be the same as the subject of the finite verb; the subject—HUMAN SUBJECT, that is—of the (4) PAP must be the SAME as the subject of the finite verb.[42] BUT, IF THERE IS NO HUMAN SUBJECT, then even in the case of the PAP, the subject of the PAP clause may differ from the subject of the main clause. For example:

মাঘ শেষ হইয়া ফাল্গুন আসিয়া পড়িল।
"The month of Magh having ended, Falgun arrived." (Saratcandra Cattopadhyay)

B. REDUPLICATED INFINITIVES SEPARATED BY না mean "as the action was barely beginning" or "before the action could even get started":

ভোর হতে না হতে ভরদ্বাজকে বললাম আমার থার্মসফ্লাস্কে দুজনের মতো চা ভরে দিতে।
"AS DAWN WAS ABOUT TO BREAK, I told Bharadwaj to fill my thermos flask with tea enough for two." (Satyajit Ray)

[42]Review *Intro Bengali*, pp. 190-91.

দু'মিনিট না যেতে যেতে দেখি সেই ছেলে ফের দুলতে আরম্ভ করেছে।
"NOT TWO MINUTES HAD GONE BY TILL I see that that boy has begun to swing once again." (*Advanced Bengali,* p. 116)

☞ For variety, the two infinitives may be preceded by the negative rather than divided by it.

C. INFINITIVES + SOME PREDICATE-ADJECTIVES:

A "predicate-adjective" is an adjective linked to the subject, usually by the verb "to be." For example:

সে রাজী।
"He is WILLING."

Certain predicate-adjectives can be combined with infinitives, in both English and Bangla. For example:

সে যেতে রাজী।
"He is WILLING TO GO."

In these examples, the parallel between English and Bangla is deceptively obvious.

তুমি কী রকম কাজ করেছো তার নমুনা পেলে লোকেরা ভবিষ্যতে তোমাকে তথ্য ও পাণ্ডুলিপি-ইত্যাদি দিয়ে হয়তো সাহায্য করতে আরো উৎসুক হবে।
"If people get a sample of what sort of work you have done, then in the future they will perhaps be more EAGER TO ASSIST by giving you facts and manuscripts." (from section I above)

তারা স্বাধীন দেশের মানুষ হতে প্রতিজ্ঞাবদ্ধ।
"They are resolutely DETERMINED TO BECOME the people of an independent land." (*Advanced Bengali,* p. 272)

In some sentences, English may not allow for the infinitive, even where Bangla uses one:

গরু খেতে অনভ্যস্ত।
"[I'm] UNACCUSTOMED TO EATING [TO EAT] beef." (Mani Sankar)

The verbs দেখা ("to see, look, look at") and খাওয়া ("to eat") are commonly used with (1) predicate-adjectives and (2) the postposition "like/similar to" to mean "look(s), appear(s)" and "taste(s)" (consult *Intro Bengali,* p. 265) in the following way:

সে দেখতে ভাল।
Literally: "He is GOOD TO LOOK AT." Or: "He is good looking."

এটা খেতে ভাল।
Literally: "It is GOOD TO EAT." More naturally: "This tastes good."

সে দেখতে তার বাবার মতন।
"He looks like his father."

মার রান্নার মত খেতে।
"[It] tastes like Mom's cooking."

কচ্ছপের খোলের মতো দেখতে প্রথম স্ট্রীমলাইন্‌ড গাড়ি যখন কলকাতায় এলো, সেও ত প্রায় এক যুগ আগে।
"When the first streamlined automobile, looking like the shell of a turtle, came to Kolkata, that too is now almost an aeon ago." (Satyajit Ray)

আমার পরিবারকে দেখেছ, বিরূপাক্ষ?
না, কেমন দেখতে?
"Have you seen my wife, Virupaksha?"
"No, what does she look like?" (Jibanananda Das)

ভদ্রলোক নিশ্চয়ই বেশ ভালোই হবেন দেখতে।
"The gentleman must be very handsome." (Dilara Hashem)

D. বলতে ("called" or "by the name of" or "one could call" or "to speak of")

মোটামুটিভাবে বলা চলে যে ১৯৩৬ থেকে ১৯৪৩ পর্যন্ত মুসলিম লীগের সাধারণ জনপ্রিয়তা কিছুটা বৃদ্ধিলাভ করলেও প্রাদেশিক ও জেলা পর্যায়ে সংগঠন বলতে তার কিছুই ছিলো না।
"In general it can be said that from 1936 up to 1943, even though the general popularity of the Muslim League increased somewhat, on the provincial and district level it had no organization TO SPEAK OF [it had nothing ONE COULD CALL an organization]." (*Advanced Bengali,* p. 258)

অবিশ্যি সংসার বলতে আমি, আমার বিধবা মা, আর চাকর কার্তিক।
"Of course, what I call family is myself, my widowed mother, and Kartik, the servant." (Satyajit Ray)

Such constructions are often found with বোঝা/বোঝান ("what one understands as X is" or "what one understands by the term X is" or "what one means when one says X is"):

Post-harvest Song বলিতে পৌষ পার্বণের গানকে বুঝাইতে পারে।
"BY 'post-harvest song,' ONE CAN MEAN songs connected with the Paus [December] festival." (*Advanced Bengali,* p. 207)

রাঢ়ী এবং বরেন্দ্র ব্রাহ্মণ বলতে আমরা যাদের বুঝি এরা ছিল জাতিচ্যুত ব্রাহ্মণ।
"THOSE WHOM WE CALL Rarhi and Barendra brahmins were outcaste brahmins." (Rizia Rahman)

সাহিত্য বলতে তাঁর কাছে কবিতা এবং বাংলা কবিতা বলতেই তিনি বুঝতেন—রবীন্দ্রনাথ।
"For him literature MEANT poetry, and BY Bangla poetry HE MEANT—Tagore." (Dilara Hashem)

এবং কৌয়রের বাবা, প্রাক্তন কৌয়র, শিকার বলতে জানোয়ারই বুঝতেন।
"Kouar's father, the previous Kouar, MEANT wild animals [not birds] WHEN HE SAID quarry." (Mahasweta Devi)

E. The infinitive is sometimes used in place of the conditional conjunctive, often with the emphatic meaning "as soon as" or "just as":

গত মাসে ছুটি শুরু হতেই আমি দিল্লীতে গিয়েছিলুম।
"AS I BEGAN my vacation last month, I went to Delhi." (*Intro Bengali,* pp. 291, 295)

বিকল্প উৎস বলতে আখের কথাই ভাবা হচ্ছে।
"WHEN ONE SPEAKS OF alternate sources, sugar cane comes to mind." (from Lesson 19, I)

Exercises—Translate.

১) কলকাতা শহরে সত্যি করে বন্ধু বলতে আমার তেমন কেউ নেই। (Satyajit Ray)
২) মায়ের কথা মনে পড়তে আমি খুব কেঁদেছিলুম। (Anon.)
৩) কিস্তি-বন্দিতে টাকা নিতে আমি অবিশ্যি রাজি আছি। (Jibanananda Das)
৪) পুরোনো বাংলা গদ্য বলতে আমি বুঝিয়েছি ১৮০০ খ্রীষ্টাব্দের পূর্ববর্তী বাংলা গদ্য। (Anisuzzaman)
৫) দেখতে-না-দেখতে আমার কবি-খ্যাতি ছড়িয়ে পড়লো সেই ছোটো শহরের সর্বত্র। (Buddhadeva Bose)
৬) রোদ থাকতে ভূত বেরোয় না। (Satyajit Ray)
৭) তুমি আর বালী দেখিতে ঠিক একই রকম। (Upendrakishore Raycaudhuri)
৮) তার নিষ্ঠুরতার সঙ্গে পাল্লা দিতে আমি অক্ষম। (Mahasweta Devi)

III. PRONOUNS MADE FROM ADJECTIVES

Theoretically any adjective can be made into a pronoun by the addition of a singular or plural "qualifier" suffix (টা, টি, গুলো, গুলি, etc.) or by the addition of a plural case ending for humans (-রা, -দের, etc.); an English translation of such pronouns often takes the form "the [adjective] one/ones":

বড়টা আমাকে দিন।
"Please give me THE BIG ONE."

কোনগুলো লাগবে?
"WHICH ONES would you like?"

নাটকটা শিক্ষিতদের ভালই লাগে।
"THE EDUCATED enjoy the play very much."

আমার এই স্মৃতিকথায় . . . আছে কিছু নামকরা লোকের পাশে-পাশে অনেক সাধারণ লোকের কথা। সাধারণ-অসাধারণের প্রভেদ বড়দের মতো করে ছোটরা করে না; তাই তাদের মেলামেশার কোনো বাছবিচার থাকে না
"In these [childhood] memoirs of mine . . . there are many tales of the very ordinary folk side by side with stories of some famous people. THE ADULT SORTS discriminate between the ordinary and the extraordinary, THE YOUNG do not; that is why they have no aversion to mixing freely." (Satyajit Ray)

'কোথায় যাবে, ভবতোষ—'
'কফি হাউসে চলো—'
'কোনটায়?'
'বড়টায়—চৌরঙ্গী প্লেসে—'
"Where are you going, Bhabatosh—"
"To the coffee house, come on—"
"To WHICH ONE?"
"To THE MAIN ONE—on Chowringhee Place—" (Jibanananda Das)

'আমার বাড়ির ভাড়াটা, সুতীর্থ—'
'দিচ্ছি। আমারই দোষ হয়েছে। ও মাসেরটা দেওয়া হয়নি বুঝি।'
"My house rent, Sutirtha—"
"I'll pay you. It's my fault, granted. THAT MONTH'S hasn't been paid, I suppose." (Jibanananda Das)

আগে মানুষ কম ছিল। আল্লা জনে জনে আদর বিলোতেন। বোধকরি এখনকার চেয়ে মানুষগুলো সৎও ছিল বেশী। কিন্তু এখন এই এত অন্যায় আর দুর্নীতি—তার মধ্যে এত মানুষের ডাক। আল্লা বেচারা কারটা শুনবেন?

"Previously there weren't so many people. Allah used to distribute his love from individual to individual. And probably the people were more upright then than now. But now, all this injustice and moral degradation—amidst that, the calls [for help] of so many people. Poor Allah, WHOSE will he hear?" (Dilara Hashem)

Exercises—Answer using a pronoun. Then make up a couple of sentences using comparable pronouns. For example:

আপনি পরের বাস নেবেন।
কোন বাস নেবো?

Response:
পরেরটা। আগেরটায় বেশ ভিড় ছিল, নিতে পারতেন না। পরেরটায় বসবার জায়গা পেতে পারবেন। তবে আজকালকেরগুলিতে বসবার উপায় কম বলে মনে হয়।

১) আমি ওই সাদা মিষ্টিগুলো পছন্দ করি না।
কোন মিষ্টি তোমার অপছন্দ?

২) বড় ছেলেরা, দেখছি, ছোট বাচ্চাদের সঙ্গে খেলতে চায় না।
কারা খেলতে চায় না?

৩) সে তার লাল সিল্কের শাড়ি পরে এসেছিলো ফাংশানে।
কী শাড়ি পরেছিলো?

IV. **SALUTATIONS & COMPLIMENTARY CLOSINGS**

Different relationships between the writer and the receiver of letters require different salutations/complimentary closings. All terms listed here, unless marked, can be used with Muslims, Hindus, Christians, and Buddhists alike.

SALUTATIONS:

A. When the one written to is senior to the letter writer:

শ্রদ্ধাস্পদেষু (m.), শ্রদ্ধাস্পদাসু (f.) "To the respected one" (literally, শ্রদ্ধা ["respect"] + আস্পদ ["container"] + Sanskrit locative case plural—respectful—ending এষু/আসু)

শ্রদ্ধাভাজনেষু (m.), শ্রদ্ধাভাজনাসু (f.) "To the respected one" (ভাজন also means "receptacle; one who is an object of/receptacle of")

শ্রদ্ধেয় (m.), শ্রদ্ধেয়া (f.) "Respected, Venerable" + the person's name

মাননীয়েষু (m.), মাননীয়াসু (f.) "To the most honorable one"

—For formal, impersonal letters (equivalent to "Dear Sir:"):

মহাশয় "Sir, Gentlemen"

প্রিয় মহাশয় "Dear Sir"

মাননীয় "Honorable Sir" (name, etc., may follow—মাননীয় প্রধান অতিথি, "Honorable Chief Guest"—from Lesson 10)

মহোদয় "Sir, Gentlemen"

জনাব "Sir, Gentlemen" (for Muslims, name may follow)

বরাবরেষু "To:"

also sometimes simply বরাবর

B. When the one written to is honorific (i.e., the pronoun আপনি will be used) but not senior to the letter writer:

প্রীতিভাজনেষু (m.), প্রীতিভাজনাসু (f.) "To the object of friendship/affection"

C. When the one written to is more familiar to the letter writer (either the pronoun আপনি or তুমি could be used):

প্রিয় "Dear" + the person's name or the person's name by itself

☞ Even if the one written to is a woman, the feminine form is NOT used here; প্রিয়া means "darling, beloved" and is NOT to be used as some sort of standard feminine salutation.

D. When the one written to is junior and someone to whom you might show parental affection (either the pronoun তুমি or তুই could be used):

কল্যাণীয়েষু (m.), কল্যাণীয়াসু (f.) "To one whose well-being is wished for"

স্নেহাস্পদেষু (m.), স্নেহাস্পদাসু (f.) "To the container of my affections"

স্নেহের "Dear" + the child's/person's name

The body of a letter may, and often does, end with ইতি ("here ends, thus, all for now"). In all but the most formal of letters, the last line or paragraph often includes the following sort of concluding statement:

আমার শুভেচ্ছা নেবেন।
"Please accept my best wishes."

আমার শুভেচ্ছা ও ভালোবাসা জেনো।
"Know [that I express] my love and best wishes [for you]."

COMPLIMENTARY CLOSINGS:

A. Used in conjunction with (A) salutations above:

সশ্রদ্ধায় আপনার "With respect, yours"
শ্রদ্ধাসহ "With respect"
বিনত (m.); বিনতা (f.) "Polite [humbly]"
বিনীত (m.); বিনীতা (f.) "Polite [humbly]"
ভবদীয় "Yours"
আপনার/আপনাদের "Yours"

B. Used with (B) salutations above:

ভবদীয় "Yours"
আপনার/আপনাদের "Yours"

C. Used with (C) salutations above:

আপনার/আপনাদের; তোমার/তোমাদের "Yours"

D. Used with (D) salutations above:

সস্নেহে তোমার/তোমাদের; তোর/তোদের "Lovingly, yours"
আশীর্বাদক (m.); আশীর্বাদিকা (f.) "The one who blesses you"
কল্যাণাকাঙ্ক্ষী (m.); কল্যাণাকাঙ্ক্ষিণী (f.) "The one who wishes you well"
শুভার্থী (m.); শুভার্থিনী (f.) "The one who wishes well"

There are other salutations and complimentary closings plus latitude to be somewhat inventive, but do keep in mind the nature of your relationship with the person to whom you are writing.

Exercise—Translate:

৩-৪-৮৪
ঢাকা

ক্লিণ্ট চাচা,

বাংলা নববর্ষের শুভেচ্ছা জানবেন। আশা করি ভাল আছেন। অনেকদিন হল আপনার পাঠানো উপহার পেয়েছি। কিন্তু আপনাকে চিঠি লিখতে বহু দেরী করে ফেললাম। এতদিন পরে ধন্যবাদ জানাচ্ছি বলে আশা করি কিছু মনে করবেন না।

আপনার বাংলা চর্চা কেমন চলছে? বাংলাদেশে আবার কবে আসবেন? বাংলাদেশের কথা, বাংলাদেশীদের কথা আপনার নিশ্চয়ই খুব মনে পড়ে। আমরা প্রায়ই আপনার কথা মনে করি। অনেককেই আপনার গল্প করি। আপনি কত সহজে অন্য জায়গার সঙ্গে নিজেকে খাপ খাইয়ে নিতে পারেন তা আম্মা খুব বলে।

আমি এখন ঢাকায় থাকি। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অর্থনীতিতে অনার্স পড়ছি। খুকি ক্লাস টেন-এ আর খোকা সেভেন-এ পড়ে। ওদের ছেড়ে থাকতে খুব মন খারাপ করে। ছুটিতে ওখানে বেড়াতে যাই।

আমাদের ক্যাম্পাসের এখন অনেক পরিবর্তন হয়েছে। আপনি আবার আসলে আমরা সবাই খুব খুশী হব। আমরা ভাল আছি।

(স্বাক্ষর)

LESSON 14

I. রসিকতা

মফঃস্বলে নাটক করতে গেছে ঢাকার এক তুখোড় অভিনেতা। নাটকের এক গুরুত্বপূর্ণ অংশে অভিনেতাটি যখন চমৎকার নাটকীয়তা ফুটিয়ে তুলে সংলাপ বলছেন, 'একটি ঘোড়া! আমার একটি ঘোড়া চাই।[43] রাজ্য বিলিয়ে দেব। সিংহাসন বিলিয়ে দেব তবু এই মুহূর্তে আমার একটি ঘোড়া চাই'— তখন দর্শকদের মধ্য থেকে রসিকতা করে একজন চেঁচিয়ে বললো, 'এত রাতে ঘোড়া পাবেন কই; একটি গাধা হলে চলবে?'

অভিনেতাটি তৎক্ষণাৎ মঞ্চের কিনারে এসে দর্শকদের মধ্যে যেখান থেকে কথাটা এসেছে সেদিকে তাকিয়ে বললেন, 'হ্যাঁ, চলবে, তাও চলবে— শিগ্গির চলে আসুন তাহলে, অবিলম্বে!'

❁ ❁ ❁ ❁

আয়ার কাছে দুই যমজ মেয়ে মোনা আর লিসাকে রেখে ওদের মা অফিসে যাবার সময় বলে গেলেন, সময়মত ওদের গোসল করিয়ে যেন খেতে দেওয়া হয়।

গোসল হয়ে যাবার পর খেতে বসে দুই বোন হেসে কুটিকুটি হচ্ছে দেখে আয়া জিগেস করলেন, 'আপনেরা অত হাসতাছেন ক্যান্?'[44]

'হাসবোনা?'— লিসা বললো, 'তুমি যে আমাকে একবারও গোসল না করিয়ে দু'বারই মোনাকে গোসল করিয়ে এনেছ!'

'সচিত্র সন্ধানী,' ৫ম বর্ষ ৮ম সংখ্যা, ২৩ জ্যৈষ্ঠ ১৩৮৯/৬ জুন '৮২, পৃঃ ৬৮।

---

[43]Though spelled the same as the lst-person present tense of the verb চাওয়া, here চাই is a noun ("desire, want, need"), not a verb at all.

[44]The Ayah's (maidservant's) dialect for 'আপনারা অত হাসছেন কেন?'

II. INFINITIVE + ANOTHER VERB (1)

In many cases, infinitives are used in Bangla in conjunction with other verbs in much the same way as they are used in English. Examples from *Intro Bengali* include:

(বলা) রামকে বাজারে যেতে বলেছো কি?
"Have you TOLD Ram TO GO to the market?" (p. 256)

(যাওয়া) সে কি ফল কিনতে যায় নি?
"Didn't he GO TO BUY fruit?" (p. 256)

(দেওয়া) তুমি বিনুকে কলাগুলো খেতে দিয়েছো কি?
"Have you GIVEN Binu the bananas TO EAT?" (p. 258)

(চাওয়া) আমি ওকে দেখতে চাই।
"I WANT TO SEE him." (p. 258)

(পারা) তা হলে, সে শহরে গেলে পড়তে আসতে পারবে না।
"In that case, if he goes to the city, he will not BE ABLE TO COME TO STUDY." (p. 268)

Observe, in particular, the meaning and manner in which the following common verbs—দেখা/শোনা, যাওয়া, and জানা—are used with the infinitive:

দেখা/শোনা "to see/hear someone [in the objective case] doing/do something":

হঠাৎ এই অন্ধকার রাত্রিতে এরূপ স্থানে আমাকে একাকী ভূতের মত দাঁড়াইয়া থাকিতে দেখিলে, . .
"If all of a sudden they were TO SEE ME STANDING alone like a ghost in a place like this on such a dark night, . . . " (*Advanced Bengali,* p. 134)

আমি একটি কোকিলকে ডাকতে এবং কাঁদতে শুনলুম।
"I HEARD A CUCKOO CALL [CALLING] OUT and CRY [CRYING]." (Sirshendu Mukhopadhyay)

The verbs "to see" and "to hear," may be construed in the speaker's mind to have the entire dependent clause (actor and action, not just actor) as the object of the verb, in which case the dependent clause has a FINITE VERB with its subject (if expressed) in the nominative case:

আমি একা বেড়াচ্ছি দেখে সে আমার কাছে এগিয়ে এলো।
"Seeing me roaming about alone, she advanced toward me." (Anon.)

আমার এখানে থাকতে আর ভাল লাগছে না শুনে তুই রাগ করেছিস।
"You got angry hearing that I no longer enjoy living here." (Anon.)

Moreover, an action itself may be the object of perception, in which case the verbal noun form of the verb is used:

> তখন তোমার দু' হাত তুলে নাচ, নকল কান্না আর মুখের কাছে মুখ এনে চোখ বড় করে তাকানো দেখে কান্না ভুলে আমি খুব হেসেছিলুম।
> "I forgot my crying and laughed when I saw you staring big-eyed at me and your phony crying and your two arms dancing in the air."
> (Sirshendu Mukhopadhyay)

যাওয়া (a) literally, "to go somewhere to do something" (see example from *Intro Bengali* above); and (b) "to set about to do something":

> তিরস্কার করিতে গিয়া হাসিয়া ফেলিলেন।
> "As they went [set about] to scold [them], they broke down laughing." (Anon.)

জানা with a preceding infinitive, means "to know how" (see also Lesson 7, III):

> হাত দেখতে তো আমি জানি না।
> "But I can't read palms." (Sailajananda Mukhopadhyay)

Some other verbs (mainly compound verbs: noun + verb) that may take the infinitive:

অসুবিধে/অসুবিধা
সুবিধে/সুবিধা + হওয়া/আছ-

> তাকে হাত করতে কোন অসুবিধা হয়নি।
> "There was no DIFFICULTY WINNING [TO WIN] him OVER."
> (Satyajit Ray)
>
> সেভাবে সাজাতে অসুবিধা থাকলে মুখোশগুলো টেবিলে শোয়ানোও থাকতে পারে, দরকারমতো তুলে নেওয়া হবে।
> [stage directions] "If there's A PROBLEM ARRANGING [TO ARRANGE] the masks that way, then they can be laid flat on the table; they will be picked up as needed." (Ketaki Kushari Dyson)

আরাম + হওয়া/আছ-

> এমন পথে গাড়ী চালিয়ে যেতে আরাম আছে।
> "There is COMFORT in DRIVING [TO DRIVE] a car over such a road."
> (Anon.)

কষ্ট + হওয়া

আসলে ওঁর কথা বলতে কষ্ট হয়।
"Actually, it is hard for him [the grandfather who had had a stroke] to talk."
(Dilara Hashem)

ক্ষতি + হওয়া/আছ-

যাদের সাময়িক বলতে ক্ষতি নেই।
"[Those] whom there is no HARM CALLING [TO CALL] temporary." (Anon.)

দোষ + হওয়া/আছ-

স্বামীর সঙ্গে পালাইয়া যাইতে দোষ কি?
"What's the CRIME in RUNNING [TO RUN] away with one's husband?"
(Anon.)

লাভ + হওয়া/আছ-

বড় করে লিখতে লাভ আছে কি?
"Is there a BENEFIT to WRITING [TO WRITE] large?"

☞ The nouns listed above (অসুবিধে/সুবিধে through লাভ) are ALSO used with the VERBAL NOUN + GENITIVE, IN PLACE OF THE INFINITIVE. (See Lesson 6, II, B.)

দেরি/বিলম্ব + হওয়া/করা/আছ-

বসুন্ধরার বুঝতে দেরি হলো না।
"Basundhara was not SLOW TO COMPREHEND."
(Sailajananda Mukhopadhyay)

বসুন্ধরা আসতে দেরি করেনি।
"Basundhara did not DELAY COMING." (Sailajanada Mukhopadhyay)

আরতি হতে দেরি আছে।
"IT IS STILL SOME TIME BEFORE the *arati* ceremony."
(Sailajananda Mukhopadhyay)

ব্যারিস্টারী পাশ করতে বিলম্ব হওয়ায় তিনি গভীর হতাশা প্রকাশ করেছেন।
"At being DELAYED in PASSING [TO PASS] the bar, he expressed deep disappointment." (Anon.)

বাকি রওয়া/আছে/রাখা

কোন খানেই লোক পাঠাইতে বাকী রহিল না।
"Nowhere at all did there REMAIN a person TO SEND."
(Upendrakishore Raycaudhuri)

পৃথিবীর বানর আর আসিতে কেহ বাকী নাই।
"None of the world's monkeys REMAINED TO COME." Or: "There wasn't a monkey in the world who hadn't come." (Upendrakishore Raycaudhuri)

তাহারা পৃথিবীর কোন স্থান দেখিতে বাকী রাখিল না।
"They LEFT no place in the world TO SEARCH."
(Upendrakishore Raycaudhuri)

বারণ করা

কোন-কিছু ভাবতে বারণ করেছে যখন, তখন আর ভাববো না।
"Since he FORBADE [me] TO WORRY, I won't worry any more."
(Sailajananda Mukhopadhyay)

বিলম্ব—see দেরি

ভয় পাওয়া

যে পথে তিনি যেতেন চোর জোচ্চোর সে পথ মাড়াতে ভয় পেত।
"Thieves would FEAR TO TREAD the path he walked." (Rabindranath Tagore)

ভরসা হওয়া

মেয়ে দুটোকে বাড়ীর বার করতে ভরসা হয় না।
"[She] didn't have CONFIDENCE enough TO LET the two girls out of the house." (Anon.)

ভুল করা

প্রতিভার ইঙ্গিত বুঝতে ভুল করেছিলেন।
"He had FAILED TO GRASP the hint of genius." (Anon.)

ভোলা/ভুলে যাওয়া

যা পেত, নিতে ভুলত না।
"What he received, he did not FORGET TO TAKE." (Rabindranath Tagore)

অপুদার বড় ভোলা মন, সব কথা বলতে ভুলে যায়।
"Opu is very forgetful; he FORGETS TO TELL everything."
(Bibhutibhushan Bandyopadhyay)

লজ্জা হওয়া/আছে/করা

একজন স্বামীজির সামনে কথাটা বলতে তার লজ্জা হয়েছিল।
"She had become EMBARRASSED TO SPEAK in front of a swami."
(Sailajananda Mukhopadhyay)

তোমাদের কাছে বলতে লজ্জা নেই।
"[I] am not ASHAMED TO TELL you." (Saradindu Bandyopadhyay)

ছিছি, ভয় করতে লজ্জা করে না?
"Shame on you, aren't you ASHAMED TO BE AFRAID?"
(Rabindranath Tagore)

সাহস হওয়া/পাওয়া

রাগ করতে সাহস হয় না।
"[He] didn't have the NERVE TO GET ANGRY." (Anon.)

সংবাদ তাকে জানাতে কেউ সাহস পায় নি।
"No one had the COURAGE TO TELL her the news." (Sunil Gangopadhyay)

সাহায্য করা

ছেলেবেলার কথাটা বললে হয়ত আমার চরিত্রের একটাদিক বুঝতে সাহায্য করবে।
"If I speak of my childhood, it will perhaps HELP [one] TO UNDERSTAND one side of my personality." (Satyajit Ray)

সুযোগ পাওয়া

আমি যেন এখানে ফিরে আসতে সুযোগ পাই।
"May it be that I GET AN OPPORTUNITY TO RETURN here." (Anon.)

Exercises — Translate:

১) এঁকেই নাইনটিন ফিফটিতে আসামের জঙ্গলে ম্যাগনিফাইংগ্লাস হাতে লাফিয়ে লাফিয়ে বেড়াতে দেখেছি। (Satyajit Ray)
২) জবাব দিতে একটুও দেরি করলেন না সুধীরবাবু। (Buddhadeva Bose)

৩) আমি আমার বাবাকে সাদা জিনের প্যাণ্ট পড়ে ক্রিকেট টেনিস খেলতে দেখেছি। (Sirshendu Mukhopadhyay)

৪) বালী আসিতে আর বিলম্ব করিল না। (Upendrakishore Raycaudhuri)

৫) দিনের পর দিন এই সাজে ওকে অফিস যেতে দেখেছি আমি। (Ashapurna Devi)

৬) রেস্তোরাঁয় গিয়ে কিছু খেয়ে আসা যাক ভেবে পকেটে হাত দিতেই হাতটা পকেটের তলায় বসে গেল। (Anon.)

III. লাগা

Consult a dictionary for the many meanings and applications of লাগা। In *Intro Bengali,* this verb was introduced in the very first lesson in a common genitive-3rd-person construction:

আপনার শিকাগো কেমন লাগে?
"How do you like Chicago?"
আমার শিকাগো খুব ভাল লাগে।
"I like Chicago very much."

Other GENITIVE 3RD-PERSON constructions with লাগা:

A. "to feel"

A.1. (with the sensation expressed)

গরম লাগা/ঠাণ্ডা লাগা "to feel warm/to feel cold"
তোমার কি ঠাণ্ডা লাগে? "Do you feel cold?"

মা বিছানা ঝাড়তে ঝাড়তে বললেন, থাক সুর্মা—জানালা খুলে কাজ নেই। আব্বার হয়ত ঠাণ্ডা লাগছে।
"While mother was shaking out the bedding, she [her maternal mother] said, 'Wait, Surma—you shouldn't open the window. Father might be feeling cold.'" (Dilara Hashem)

খিদে লাগা/তেষ্টা লাগা "to feel hungry/to feel thirsty"[45]
আমার খুব খিদে লেগেছে। "I'm really hungry."

[45] খিদে পাওয়া/তেষ্টা পাওয়া also means "to feel or be hungry/thirsty," also a genitive-3rd-person.

A.2. "to feel pain, be hurt" (without any explicit word for pain)

> আয়-না ভাই, ওঠ-না ভাই! [তোর] লেগেছে ভাই!
> "Come on, friend, get up! Are you hurt!" (*Advanced Bengali,* p. 116)

B. "to need, require"

> যে সব উপকরণ তার ব্যবহারে লাগে, . . .
> "All those materials [the *patuya*] requires for his profession, . . . "
> (*Advanced Bengali,* p. 183)
>
> চন্দননগর পৌঁছতেই লাগল দেড় ঘণ্টা।[46]
> "It took an hour and a half to reach Candan Nagar." (Satyajit Ray)

Constructions with লাগা that are NOT GENITIVE-3RD-PERSON:

C. "to begin or resume or set to," using the infinitive + লাগা
(consult *Intro Bengali,* p. 277)

☞ When লাগা means "to begin, resume, set to," it is INFLECTED FOR PERSONS (subject in the nominative) and is in the SIMPLE PAST tense.

> আমি পড়তে লাগলাম। "I began to read."
>
> কৈকেয়ী ভিন্ন সকলেই হাহাকার ক'রে কাঁদতে লাগলেন।
> "Except for Kaikeyi, everyone began to weep and wail."
> (*Advanced Bengali,* p. 307)

D. "to be comparable, to be able to compete with"

> আমি এই পরোপকারনিরত ঢেঁকিকে আর্য্যসভ্যতার এক বিশেষ ফল মনে করি—আর্য্যসাহিত্য, আর্য্যদর্শন আমার মনে ইহার কাছে লাগে না—রামায়ণ, কুমারসম্ভব, পাণিনি, পতঞ্জলি, কেহ ধানকে চাল করিতে পারে না।
> "I consider this altruistic *dhenki* [rice husking pedal] a major contribution of Aryan civilization—the literature of the Aryans, the philosophies of the Aryans, to my way of thinking, cannot hold a candle to it—the *Ramayana*, the *Kumarasambhava*, Panini, Patanjali, not a one of them is able to turn paddy into husked, edible rice." (Bankimcandra Cattopadhyay)

Some other expressions with লাগা:

---

[46]Review also Lesson 9, IV, C for measurement of time using লাগা।

কাজে লাগা "to be useful, of use"

কাজে লাগানো "to engage, make use of"

আখ থেকে সংগৃহীত অপরিশ্রুত মোম থেকে বিশুদ্ধ মোমসংগ্রহ করার জন্যে কাজে লাগানো হয় খনিজ তারপিন তেল এবং আইসোপ্রপাইল আলকোহল।
"For extracting pure wax out of the unfiltered wax collected from sugar cane, mineral turpentine and isopropyl alcohol are employed." (from Lesson 19, I)

পেছনে লাগা "to hound, tease, harass"

এই বিমাতাটি এমন অধ্যবসায়ের সহিত তাহার পিছনে লাগিয়া থাকিতেন যে, সে অনেক সময় বুঝিতে পারিত না যে, তাহার নিজের স্বাধীন সত্তা কিছু আছে কি না।
"This stepmother kept after him with such perseverance that much of the time he was not sure whether he had any independent existence of his own or not." (Saratcandra Cattopadhyay)

লেগে থাকা "to stick to, adhere to; to pursue doggedly, continue on"

সর্বক্ষণ মুর্শিদাবাদ কোলকাতার গল্পই লেগে থাকত তাঁর মুখে এবং সব সময় আফসোস করতেন ভারত দুখণ্ড হওয়ার জন্যে।
"Tales of Kolkata and Murshidabad clung to his lips, and he always felt regret because of the partition of India." (Dilara Hashem)

Exercises—Supply the missing clause or phrase, all of which use লাগা। You probably will not be able to reproduce the original text exactly, but compare your rendering with the answer key and note the various uses of this polysemic verb. All of the passages are taken from Mahasweta Devi's novel 'ক্ষুধা' (কলকাতা: দে'জ পাবলিশিং, ১৩৯৬)।

১) কিছুদিন ধরেই রক্ত চনমন করছে, ______, সেই জন্যেই কি স্বপ্নটা দেখলেন? (পৃ: ৯)
[উদাস—indifference, disinterestedness]
"For some days now he was feeling restless; *his body seemed indifferent* [to the world around him]; was it for that reason that he had the dream?"

২) স্বপ্নটা মাঝে মাঝে দেখেন কৌয়ার, আর স্বপ্নের রেশ ______, অনেকক্ষণ ______, . . .(পৃ: ১২)
"Kouar had the dream from time to time, and faint remnants of the dream *would linger in his mind, linger* a long time, . . . "

৩) ঘর থেকে বেরোস না একবারও, ______। (পৃ: ১৭)
[পিসাব, পেচ্ছাব, প্রস্রাব - urine, urination]
"Don't go outside the house even once, *not even if you have to piss*."

৪) পুজোআজা দিলে দেবদেবতাকে খুশি রাখলে ______। (পৃ: ২২)
"If you do puja, if you keep the gods happy, *there's no need for doctors and medicine*."

৫) এ কে? কথা বলছে না?
______। (পৃ: ২৭) [ভাগনে (also ভাগিনা, ভাগিনেয়)—nephew, sister's son]
"Who's he? So, why's he not talking?"
"*He's my nephew*."

৬) আমি তো জঙ্গলে [গাছ] লাগাচ্ছি খুব। ______, এ থেকে ফরেস্ট অনেক রেভিনিউ পাবে। (পৃ: ১২২-২৩)
"I am planting quite a few [trees] in the jungle. *If they take root*, the Forest Office will realize a lot of revenue from this [project]."

৭) জঙ্গলে মৌয়া লাগাবেন না?
কিছু লাগালাম। তবে বড় হতে ______। (পৃ: ১২৩)
"Aren't you going to plant *mohua* in the jungle?"
"I planted some. But *it takes such a long time* for them to get big."

৮) ব্যস্ত, অতি ব্যস্ত পথ। ট্রাক, ম্যাটাডোর, সাইকেল, স্কুটার, হঠাৎ ঘ্যাঁচ করে একটি গাড়ি থামে ওদের সামনে। ওদের মুখে ______। (পৃ: ১৭৮)
"A busy, very busy road. Trucks, Matadors, bicycles, scooters—all of a sudden a car screeched to a halt in front of them. *Dust flew up into [covered]* their faces."

IV. POSTPOSITIONS: OPTIONAL GENITIVE CASE

"Postposition" is the name given to a certain class of words that come after ("post"), comparable to what in English grammar one calls a preposition—a class of words that come before ("pre"). Prepositions in English require the objective case on the following pronoun (although one hears "between he and I" more and more these days). In Bangla, postpositions can be grouped into four categories.

1. Those that allow for the optional genitive, or, in other words, allow both for the genitive case and for no case marker at all.

> **Note**: Postpositions in this first category usually, but not always, require the GENITIVE on a preceding HUMAN PRONOUN while allowing the genitive to be optional with all nouns and with nonhuman pronouns.

2. Those that require the genitive case on a preceding noun or pronoun.

3. Those that require no particular case ending on the preceding word.

4. The two postpositions (দিয়ে and নিয়ে) that require the objective case on a preceding human noun or pronoun.

> ☆ **Remember**: The objective case is generally not expressed with nonhuman nouns and pronouns, though the objective case is implicit nonetheless.

❑ ❑ ❑ ❑ ❑

থেকে "from; for, since [with time expressions]"; হইতে in SADHU

রামবাবু, আপনি কি এখন নদীর ধার থেকে এলেন?
"Ram Babu, have you just come FROM the river bank?"
(*Intro Bengali,* p. 169)

কলকাতার থেকে দশ-পনেরো মাইল দূরে জায়গার ব্যবস্থা ক'রে দিতে পারি সুবিধে দরে।
"I could arrange for some land [for you] ten, fifteen miles away FROM Kolkata, at a convenient price." (Jibanananda Das)

জানেন তো, দক্ষিণ আমেরিকা আর আফ্রিকা ক্রমশঃ পরস্পরের থেকে নিঃশব্দে দূরে স'রে যাচ্ছে?
"You know, don't you, South America and Africa are gradually moving away FROM each other, silently?" (Ketaki Kushari Dyson)

সে-রাত্রে কলেজ স্ট্রীট থেকে ডালহাউসিতে হেঁটে যাওয়ার পরে আমরা একটা ক্যাফেতে গিয়েছিলাম, তাই না, অভিদা?
"That evening, after walking FROM College Street to Dalhousie Square, we went to a cafe, didn't we, Abhi-da?" (Ketaki Kushari Dyson)

> "From" a HUMAN, whether NOUN or PRONOUN, is expressed by কাছ থেকে (নিকট হইতে in SADHU) with required GENITIVE, not simply থেকে (হইতে in SADHU); see *Intro Bengali,* p. 183.
>
> আমার কাছ থেকে "from me"

EXCEPT: When থেকে means "than" (when comparing one thing to another)—GENITIVE REQUIRED (see Lesson 15, IV):

ভাইয়েদের থেকে তার প্রোটিন-প্রাপ্তি কম।
"Her [girls, generally] protein intake is less THAN her brothers'."
(Ketaki Kushari Dyson)

AND: When the human is considered more a position or a type:

. . . তখন মেজোবউ থেকে মা হয়ে বসতুম।
. . . then, FROM [being just] the second wife in the household, I would have become a 'mother.'" (Rabindranath Tagore)

যোগীন্দ্রনাথ বসু থেকে আরম্ভ করে সুরেশচন্দ্র মৈত্র পর্যন্ত যাঁরা এর আগে কবির জীবনী লিখেছেন, . . .
"Those who have written biographies of the poet previously, beginning FROM Yogindranath up through Sureshcandra Maitra, . . . " (Ghulam Murshid)

FURTHERMORE**,** note the following, where, for some speakers, the grammatical difference between human and nonhuman is obscured:

আমার সহানুভূতি দরকার—এবং আমি তা আর কার থেকে পেতে পারি?
"I need sympathy—and FROM whom else can I get that?" (Ghulam Murshid)

কলকাতার পরিজন থেকে দূরে মাদ্রাসে গিয়ে প্রতিষ্ঠা লাভের জন্যে গোড়াতে তাঁকে রীতিমতো সংগ্রাম করতে হয়েছে।
"Having gone FROM his close Kolkata friends to faraway Madras, he had at the very outset to struggle seriously to establish himself." (Ghulam Murshid)

দ্বারা "by, by means of"

A. with human pronouns AND human nouns, the GENITIVE is REQUIRED:

তাঁহার দ্বারা ইহকালের সুখসম্ভোগের কোন আশাই নাই, অথচ সেই হাসেন আপনার প্রার্থী।
"There is no hope of his enjoying [enjoyment BY him] a life of luxury in this world, yet still that Hasan is your suitor." (Mir Mosharraf Hosain)

চলচ্চিত্রশিল্পে আপনি কি কারো দ্বারা অনুপ্রাণিত বা প্রভাবিত?
"In the art of filmmaking, were you [Ritwik Ghatak] influenced or inspired BY anyone?" (Prabir Sen)

ডিরোজিওকে অনেকে বলতেন ইউরেশীয় বায়রন, যদিও অন্য প্রধান রোম্যাণ্টিক কবিদের—স্কট, মুর, বার্নস—দ্বারাও তিনি প্রভাবিত হয়েছিলেন।
"Many used to call Derozio the Eurasian Byron, even though he had been influenced also BY other prominent romantic poets—Scott, Moore, Burns." (Ghulam Murshid)

স্কুলটা স্বামীজীদের দ্বারা পরিচালিত।
"The school is run BY the [Ramakrishna Mission] swamis."
(Abdul Mannan Syed)

B. otherwise, the GENITIVE is OPTIONAL:

আমরা ষ্টীমারের উপরিভাগ হইতে দূরবীক্ষণ দ্বারা দেখিতাম ওপারে হরিণ চরিতেছে, . . .
"From the upper deck of the steamer, we used to watch, BY MEANS OF a telescope, deer grazing on the far shore, . . . " (from Lesson 1, I)

তাঁদের অংশগ্রহণের দ্বারা আমাদের এ সম্মেলন সাফল্যমণ্ডিত হবে।
"BY their participation, this conference of ours will be a success."
(from Lesson 10, I)

প্রয়োজনের সম্বন্ধকে আমরা হৃদয়ের সম্বন্ধ দ্বারা শোধন করিয়া লইয়া তবেই ব্যবহার করিতে পারি।
"We purify 'relationships of necessity' BY MEANS OF 'relationships of the heart,' and then, and only then, are we able to engage them [i.e., function within those relationships]." (For example, a relationship of master-to-servant becomes transformed, Tagore argues, into a fictive relationship of householder-to-relative.) (Rabindranath Tagore)

অতএব যাঁহাকে আমরা সমাজের সর্বোচ্চ সম্মানের দ্বারা বরণ করিব, তাঁহাকে এক দিনের জন্যও আমরা সুখস্বচ্ছন্দতার আশা দিতে পারিব না।
"Consequently, he whom we shall ceremonially elect BY MEANS OF [i.e., by bestowing upon him] society's highest respect, to that one we shall not be able to give hope of happiness and personal freedom for even one single day." (Rabindranath Tagore)

রুডি। হিন্দী সিরিয়ালটার দ্বারা আমরা এখনও আক্রান্ত হই নি, অধ্যাপক—
শিখা। তবে সন্দেহ নেই, বি-বি-সি নেপথ্যে নেগোশিয়েট করছে—
"Rudy: 'We have not as yet been SUBJECTED TO [i.e., ATTACKED BY] the Hindi serial [of the *Mahabharata*], Professor—'
Shikha: 'But there's no doubt, the BBC is negotiating behind the scenes—'"
(Ketaki Kushari Dyson)

রুডি। [হঠাৎ একটা আইডিয়া দ্বারা আক্রান্ত হয়ে] কিন্তু শিখা, নেট্‌ল্‌গুলো তো মরে নি। হোয়াই নট নেত্‌ল্‌-টি?
"Rudy: [suddenly STRUCK BY (i.e., ATTACKED BY) an idea] 'But Shikha, the nettles haven't died off yet. Why not nettle tea?'" (Ketaki Kushari Dyson)

For the remaining postpositions in this section,
GENITIVE required with human PRONOUN but optional otherwise.

প্রসঙ্গে "pertaining to, in the context of, with respect to, concerning"

তাঁর এই আকার্ষণ বছর দেড়েকের মধ্যে কতো প্রবল হয়ে উঠেছিলো, তাঁর বিশপস কলেজে ভর্তির প্রসঙ্গে আমরা তা লক্ষ্য করবো।
"Just how strong this attraction of his had become within a year and a half or so we shall observe IN THE CONTEXT OF his admission to Bishop's College." (Ghulam Murshid)

যেমন, চার্লস নেপিয়ারের সমালোচনা প্রসঙ্গে এ পত্রিকার সঙ্গে তাঁর বচসা হয়।
"For instance, he quarreled with the journal CONCERNING Charles Napier's criticism." (Ghulam Murshid)

বাবদ/বাবদে "on account of, due to"

১৮৪৮ থেকে ১৮৫২ সাল পর্যন্ত এসব হাতের তৈরি কাজের বাবদে অ্যাসাইলাম বছরে পাঁচ শো অথবা তার চেয়ে বেশি করে টাকা পেতো—বার্ষিক রিপোর্টে তা দেখা যাচ্ছে।
"From 1848 to 1852, DUE TO all of this manual training [i.e., furniture building and shoe making], the Asylum [i.e., the Male Orphan Asylum and Free Day School for Boys] used to receive five hundred or more rupees a year—as can be seen from the annual report." (Ghulam Murshid)

. . . আর দাদাবাবুর দেশে আসার আনন্দ বাবদ (বিগলিতভাবে হেসে) আমার চা-জলখাবার খাওয়ার একটা খরচ . . .
". . . and ON ACCOUNT OF the master's delight upon returning home (giggling unctuously), there is a slight expenditure for [i.e., I, a servant, must charge you for] my tea and refreshments . . . " (Ketaki Kushari Dyson)

বিষয়ে "about, concerning, on the matter of, with respect to"

আমেরিকার বিষয়ে বক্তৃতা দিতে কি?
"To give speeches ABOUT America?" (*Intro Bengali,* p. 317)

বোঝা গেলো, বাংলাদেশ বিষয়ে তাঁর আগ্রহ আছে যথেষ্ট।
"It was evident he had considerable interest WITH RESPECT TO Bangladesh." (Abdul Mannan Syed)

জীবনানন্দের জীবন বিষয়ে কোনো লেখা আমায় পাঠাবে?
"Please send me a piece [some writing] about Jibanananda's life." (from Lesson 13, I)

সাহিত্য, সঙ্গীত এবং ললিতকলা বিষয়েও তাঁর আকর্ষণ সমভাবে ছিল।
"Even CONCERNING literature, music and the fine arts, he [Satyendranath Bose] was equally attracted to them." (from Lesson 16, I)

সে সময়ের যশোহর নগরের বিষয়ে এ রূপ শুনিয়াছি যে, . . .
"WITH RESPECT TO the city of Jessore in those days, I have heard the following, . . . " (Ghulam Murshid)

মারফত/মারফৎ/মারফতে "by means of, through, per, via"

পটুয়া স্বকীয় উপকরণে অধিকতর উজ্জ্বলভাবে মানুষের মনে এঁকে দিতে সক্ষম হয়েছিল তার ছবির মারফত।
"The *patuya*, in his own medium, became able to paint even more vividly on peoples' minds [the folk themes], THROUGH his pictures." (*Advanced Bengali,* p. 184)

প্রতিযোগিতায় যাঁরা জয়ী হবেন তাঁদের নাম অস্কারের রাতেই অনুষ্ঠান মারফৎ ঘোষণা করা হবে নানা ঢঙের নাটকীয়তা করে, ইয়ার্কি ঠাট্টা নাচ-গানের মধ্যে।
"Those who are going to be victorious in the competition will have their names announced on Oscar night itself as part of [VIA] the ceremonies, with a lot of pretentious drama and amidst song and dance and light-hearted gaiety." (Dilip Basu)

রাজনারায়ণ দত্ত এবং জাহ্নবী দেবী এ সময়ে গৌরদাসের মারফত পুত্রকে বোঝাতে চেয়েছেন।
"Raj Narain Datta and Jahnabi Debi at this time, with Gourdas's help [VIA Gourdas, using Gourdas as an intermediary], sought to make their son come to his senses." (Ghulam Murshid)

চাকরি ছেড়ে দেওয়ার পর লর্ড উইলিয়ম বেন্টিঙ্কের মারফতেই আলাপ হল একজন ইংরেজ ব্যবসায়ীর সঙ্গে। নাম উইলিয়ম কার।
"After giving up his job, he [Dwarkanath Tagore] met THROUGH Lord William Bentinck himself an English businessman by the name of William Carr." (Purnendu Patri)

সম্পর্কে "about, concerning, in relation to, with respect to"

এ যাবৎ তাঁর যে-সব জীবনী প্রকাশিত হয়েছে, তাতে তাঁর জীবনের কোনো কোনো অধ্যায় সম্পর্কে যথেষ্ট অথবা অভ্রান্ত তথ্য খুঁজে পাওয়া যায় না। এর কারণ, তাঁর সন্তান এবং বন্ধুরা তাঁর সম্পর্কে সামান্যই জানতেন।
"There is not sufficient or unflawed factual information CONCERNING certain stages of his life in all the biographies of him [of Michael Madhusudan Datta] published to date. The reason for this is that his son and friends knew very little ABOUT him." (Ghulam Murshid)

হেনরিয়েটা সম্পর্কে তৃতীয় জনশ্রুতি—তিনি ফরাসি।
"The third rumor WITH RESPECT TO Henrietta—she was French."
(Ghulam Murshid)

এ বই লেখা হয় প্রধানত রামমোহন রায়ের সতীদাহ সম্পর্কিত প্রথম গ্রন্থে মহিলাদের সম্পর্কে সাধারণভাবে যে-মন্তব্য করা হয়েছে, তার ওপর ভিত্তি করে।
"This book was written mainly in response to the general opinions CONCERNING women expressed in the first of Rammohan Ray's monographs related to *sati daha* [widow burning]." (Ghulam Murshid)

সম্বন্ধে "about, concerning, in relation to, with respect to"

আত্মীয়। মধুর সম্বন্ধে যে সব কথা শুনি—তাতে লজ্জায় মাথা কাটা যায়! ওকে আপনার একটু সাবধান করা দরকার।
রাজনারয়ণ। কি শোন তার সম্বন্ধে?
"A relative: 'All that stuff I hear ABOUT Madhu—I'm so ashamed by it! You need to caution him a bit.'
Raj Narain: 'What do you hear ABOUT him?'" (Banaphul)

একদিন কথাপ্রসঙ্গে রবীন্দ্রনাথকে জিজ্ঞাসা করেছিলাম, বঙ্কিমচন্দ্র, মধুসূদন, বিহারীলাল প্রভৃতি সম্বন্ধে লিখলেও হেমচন্দ্র, নবীনচন্দ্র সম্বন্ধে তিনি নীরব কেন?
"One day in the course of our conversation I asked Rabindranath why, though he had written ABOUT Bankimcandra, Madhusudan, Biharilal, etc., he was silent CONCERNING Hemcandra and Nabincandra?"
(Pramathanath Bishi)

তাহলে দীনেশকে সে সম্বন্ধে কিছু জিজ্ঞেস করতে গেলে তো সে বিপিনবাবুকে পাগল ঠাওরাবে।
"In that case, if he [Bipin] were to go to ask Dinesh something ABOUT it, then he [Dinesh] would consider Bipin Babu crazy." (Satyajit Ray)

এই সব সাধুদের সম্বন্ধে কত গল্পই না শুনেছি ছোটকাকার কাছে।
"Ah, I heard so many stories from my uncle ABOUT all these holy men."
(Satyajit Ray)

হইতে "from" in SADHU; see থেকে

আমি অমনি বোট হইতে ডাঙ্গায় উঠিয়া পড়িলাম।
"I then and there got out FROM the boat and onto the shore."
(*Advanced Bengali,* p. 184)

☆ **Remember**: হইতে LOOKS EXACTLY LIKE the SADHU INFINITIVE of the verb "to be," হওয়া

LESSON 15

I. বিজ্ঞাপন

গোল্‌ডেন
স্যাণ্ডাল্‌উড

সুগন্ধ
স্নানীয় সাবান
বিশুদ্ধ হরিচন্দনসার সহযোগে
উৎকৃষ্ট উপাদানে প্রস্তুত।

নিত্য ব্যবহারে দেহ স্নিগ্ধ ও শীতল হয়
মনে তৃপ্তি ও প্রফুল্লতা আসে
চর্মরোগ নিবারিত হয়।

বেঙ্গল কেমিক্যাল, কলিকাতা, বোম্বাই

'কবিতা,' আশ্বিন ১৩৫৩, পৃঃ ২।

◆◆◆◆◆

সর্ব প্রকার দুর্বলতা দূরীকরণের জন্য
আল্‌ফাল্‌ফা গোল্‌ড টনিক—
বল, বীর্য ও শক্তির জন্য হোমিও ভিটামিন

এখানে মানসিক রোগ, এ্যাজমা, ক্যান্‌সার, গ্যাস্ট্রিক, মূত্রপাথরী,
পিত্তপাথরী, অম্লশূল, পিত্তশূল, লিউকেরিয়া প্রভৃতি রোগের
চিকিৎসা অতি যত্নের সহিত করা হয়।

ডাঃ এ,বি,এম, কাবিল আহ্‌মেদ এম,এ, এল,এল,বি, এম,বি,এইচ,আই (কলকাতা)
৭৩৭, দক্ষিণ শাহজাহান পুর (আমতলা) ঢাকা, ফোনঃ ৪০০৮৭১
সাক্ষাতের সময়: সকাল ৮-১০টা বিকাল ৫-৯টা

'দৈনিক ইত্তেফাক,' ১০ই আশ্বিন, ১৩৮৮, পৃঃ ১।

II. INFINITIVE + ANOTHER VERB (2)

A. CONTINUOUS ACTION, infinitive + থাকা = "to continue doing/to do something":[1]

খেলা ছেড়ে একবার দূরে গিয়ে চিৎ হয়ে শোয়, আবার ধরা দিয়ে হেসে হেসে মোহ দোলায় দুলতে থাকে!

"At one point he quit the game, moved far away, and lay on his back; then again letting himself be held, laughing, he swung [continued to swing] on that swing of infatuation." (*Advanced Bengali,* p. 116)

এই পট যখন আস্তে আস্তে খোলা হয় তখন ছবিটা একসঙ্গে না বেরিয়ে একটু একটু করে প্রকাশ পেতে থাকে।

"When this *pat* [scroll painting] is opened slowly, the picture, rather than coming out all at once, is [continues to be revealed] a little at a time." (*Advanced Bengali,* p. 185)

একটানা গীতি-প্রবাহের বৈচিত্র্যহীন পথে ইহার কাহিনী অগ্রসর হইতে থাকে।

"Continuously, its tale advances on the unvarying path of the song's current." (*Advanced Bengali,* p. 211)

B. PERMISSION, infinitive + পারা and দেওয়া

B.1. "May," as in "may I do something" or "you may do something" is expressed by the infinitive + পারা:

তাড়াতাড়ি খেলা শেষ হলে আমরা শহরে যাবো।
আমিও কি তোমাদের সঙ্গে আসতে পারি?
হ্যাঁ, তুমি আসতে পারো।
"If the game is over soon, we shall go to the city."
"May I come with you?"
"Yes, you may come." (*Intro Bengali,* p. 270)

B.2. "Let/allow," as in "let [me, you, him/her/it] do something" is expressed by the infinitive + দেওয়া:

তোমাদের সঙ্গে কি আমাকে যেতে দেবে?
"Will you let me go with you?"

☞ The one being allowed to act is in the OBJECTIVE CASE, in both English and Bangla.

যেতে দেবো না কেন?
"Why wouldn't we let you?"

---

[1]The PAP + থাকা may also mean, depending on what verb is used, "to continue to do/doing something" as well as "to do something repeatedly"; review Lesson 10, II, C.

কেন জীবনানন্দ এই সনেটচক্রের কথা ঘূণাক্ষরেও কাউকে জানতে দেননি।
"Why didn't Jibanananda let anyone know anything whatsoever about this sonnet cycle?" (Jyotirmoy Datta)

হাঃ, যেতে দেও [দাও], যেতে দেও, একটা ট্রাইফ্লীং কথা নিয়ে মিছে ঝকড়া [ঝগড়া] কেন?
"Aha, forget it! Let it be! Why this meaningless quarrel over a trifling matter?" (Michael Madhusudan Datta)

C. ABILITY, infinitive + পারা and পাওয়া

> The primary dictionary definition of পারা is "to be able," of পাওয়া, "to get, obtain." In most cases, infinitive + পারা in Bangla corresponds to "to be able" + infinitive in English. However, both the infinitive + পারা and the infinitive + পাওয়া may translate as "to be able to do something." With পাওয়া, the ability is, in certain respects, EXTERNALLY DETERMINED, "to get the opportunity to do something." With পারা, the ability is, in a way, INTERNALLY DETERMINED.

বৃত্তি না পেলে আমি এ বছর ঢাকায় যেতে পাবো না।
"If I don't get a fellowship, I'll not be able to go to Dhaka this year."

টাকা পেলেও আমি এ বছর ঢাকায় যেতে পারব না।
"Even if I get the money, I won't be able to go to Dhaka this year."

In the first sentence, whether the "I" gets to go is determined by whether she gets a fellowship. In the second sentence, though we are not told why, the "I" has determined for herself that she can't, for whatever reason, go. In many situations, it is impossible or impractical to determine whether the factors that make a person able or unable to do something are internal or external. And in most cases, a determination of those factors is irrelevant. THE IDEA OF "to be able" IS GENERALLY RENDERED IN BENGALI BY পারা। But, for verbs of sense perception (particularly common among those are the verb দেখা ["to see"] and the verb শোনা ["to hear"]), the distinction between EXTERNAL and INTERNAL ABILITY can be significant. With these verbs in their infinitive form, whether পারা or পাওয়া is used can make a difference, particularly in the negative:

দেখতে পারা may mean "to tolerate, stand," (literally, "to be able to bring oneself [internal ability] to look at someone or something")

দেখতে পাওয়া means "to get to see, be able to see, have the opportunity [external ability] to see"

Internal:

ও লোকটা খুব বদমাস। আমি তাকে দেখতে পারি না।
"That fellow is a scoundrel. I can't stand him."

বামপন্থীরা ডানপন্থীদের কথা শুনতে পারে না।
"Leftists can't tolerate hearing what Right-wingers have to say."

কারো খাওয়া দেখলে তুমি ঘেন্না পাও তো? অনেকে পায়।
যাঃ! যে খেতে পারে সে খাবে না কেন? ঘেন্নার কী?
আমার বাসায় তো বড় পরিবার। সেখানে অনেকে আছে যারা আমার খাওয়া দেখতে পারে না।
আমি পারবো। ভয় নেই।
"Are you disgusted by watching someone eat? Many people are."
"Nonsense! Why shouldn't a person with a good appetite eat well? What's to be disgusted by?"
"There are a lot of family members at our house. Many of them CAN'T STAND to see me eat."
"I'll be able to. Nothing to worry about." (Sirshendu Mukhopadhyay)

External:

সে গাছের পেছনে লুকিয়ে আছে। আমি তাকে দেখতে পাচ্ছি না।
"He is hiding behind a tree. I am unable to see him."

খুব হইহুল্লোড় হচ্ছে। তাই আমরা ডানপন্থী বক্তার কথা শুনতে পাচ্ছি না।
"There is a great commotion. That's why we cannot hear what the Rightist speaker is saying."

. . . অন্ধকারে ভাল দেখিতে পাইতেছি না।
". . . in the dark, I cannot see well." (*Advanced Bengali,* p. 97)

TO REVIEW: infinitive + পারা can mean:
1. permission (see section B.1 above):
   আমি কি ভিতরে আসতে পারি? "May I come in?"
2. possibility:
   আমি কালকে আসতে পারি। "I might come by tomorrow."
3. ability (internal)
   আমি ভিতরে আসতে পারি না! "I cannot bear going in!"

infinitive + পাওয়া can mean:
1. ability (external)
   আমি কালকে আসতে পাব। "I'll be able to come tomorrow."

HOWEVER, the internal/external distinction is not always maintained, and দেখতে পারা and দেখতে পাওয়া come to be used interchangeably by some. The following examples all are by one author, Syed Hamidul Husain, from his novel 'শকুন' (ঢাকা: মেহেরুন্নেসা আলী, ১৯৮৯):

আমি জানি তুমি প্রিয়নাথের মেয়ে, এই যে দেখতে পারছি তোমার চোখ তোমার বাবার মত, এই যে দেখতে পারছি তুমি সন্ধ্যা।

"I know you are Priyanath's daughter, I CAN SEE your eyes are like your father's, I CAN SEE you're Sandhya."

যাকে পাশা মনের চোখ দিয়ে দেখতে পায়, অথচ এই দু'চোখ দিয়ে নয়।

"[It was she] whom Pasha CAN SEE with his mind's eye, yet not with these two eyes."

মন্টু আয়নায় পাশাকে দেখতে পায়।

"Montu CAN SEE Pasha in the mirror."

আমাকে কিছু বলছ, ভাইয়া।
না।
কি তাহলে, কার সঙ্গে কথা বলছ।
কারো সঙ্গে না।
ঐ যে কি যেন বলছ।
নাহ্, এমনি।
এমনি কোথায় আমি স্পষ্ট দেখতে পাচ্ছি, শুনতে পারছি কি যেন বলছ কাউকে।

"Are you saying something to me, brother?"
"No."
"What is it then, who are you talking to?"
"No one."
"But you were saying something or other just now."
"No, it was nothing."
"What do you mean 'nothing.' I CAN SEE you clearly, I CAN HEAR you saying something to somebody."

ঐ যে দেখুন, ভালো করে চোখ খুলে দেখুন, দেখতে পারছেন না ঐ যে আরো একটা ছায়া পাশাকে জড়িয়ে পেঁচিয়ে ধরেছে।

"Look there, open your eyes and have a good look, CAN'T YOU SEE, there, another shadow has grabbed Pasha and enveloped him."

D. OBLIGATION, infinitive + নেই/আছে is comparable to the construction of verbal noun + উচিত নয়/উচিত

ভিতরে সিগারেট খেতে নেই।
"One should not smoke inside."

ভিতরে সিগারেট খাওয়া উচিত নয়।
"One should not smoke inside."

(ধূমপান করা নিষেধ।)



শুধু হাতে ফিরে যেতে নেই।
"One must not return empty-handed." (Parashuram)

শিবের দলবল সন্দেবেলা[2] ওঁদের নাম করতে নেই।
"Siva's bunch, at evening time you should not mention their names."
(Bibhutibhushan Bandyopadhyay)

রাজা। রাজলক্ষ্মী এখনও ত এ রাজগৃহে আছেন, কিন্তু এর পর থাকবেন কি না, তা বলা দুষ্কর।
তপস্বিনী। মহারাজ, অমন কথা কি বলতে আছে?
"Raja: 'The Goddess of Royal Fortune is still present in this palace; but it's hard to say whether she will remain after this.'
Tapasvini: 'Maharaj, should you be saying such a thing?'"
(Michael Madhusudan Datta)

গোবিন্দলাল: তবে আমি রোহিণীকে ভালবাসি।
ভ্রমর: মিছে কথা—তুমি আমাকে ভালবাস—আর কাকেও[3] তোমার ভালবাসতে নাই—কেন রোহিণীকে ভাবছিলে বল না?
গোবিন্দলাল: বিধবাকে মাছ খাইতে আছে?
ভ্রমর: না।
গোবিন্দলাল: বিধবাকে মাছ খাইতে নাই, তবু তারিণীর মা মাছ খায় কেন?
ভ্রমর: তার পোড়ার মুখ, যা করতে নাই, তাই করে।
গোবিন্দলাল: আমারও পোড়ার মুখ, যা করতে নাই, তাই করি। রোহিণীকে ভালবাসি।

"Govindalal: 'Still then, I love Rohini.'
Bhramar: 'It's a lie—you love me—you shouldn't love anyone else—why are you thinking of Rohini, tell me?'
Govindalal: 'Should widows eat fish?'
Bhramar: 'No.'
Govindalal: 'Widows ought not eat fish, so why does Tarini's mother eat fish?'
Bhramar: 'She is shameless. She does exactly what she shouldn't do.'
Govindalal: 'I too am shameless. I do what I shouldn't. I love Rohini.'"
(Bankimcandra Cattopadhyay)

---

[2]Note spelling: Some dialects in West Bengal do not express aspiration in consonants.
[3]Spelled কাউকে in modern Bangla.

Exercises—Supply the missing clause or phrase, all of which contain an infinitive. As with a similar exercise in the previous lesson, all of the passages are taken from Mahasweta Devi's novel 'ক্ষুধা' (কলকাতা: দে'জ পাবলিশিং, ১৩৯৬)।

১) সারা বছর জঙ্গল তাঁর একার। মহুয়ার ঋতুতে সবাই ______। (পৃ: ১০)
[কুড়ানো—to gather, collect]
"The jungle is his alone the entire year. [But] during the *mohua* season, everyone *may* come and *gather mohua* [blossoms]."

২) সরকারী আপিস এলাকায় ঢুকে গেলে হাওয়া বদলে যায়। আমি থাকতে ______। (পৃ: ৩৭)
"Once they penetrate the government office area, the whole situation [the 'air'] changes. While I'm around, *I'll not let that happen*."

৩) ______ শুধু তেত্রি ভুঁইন। (পৃ: ৭২)
"Only Tetri Bhuin *knows the way and is able to come*."

৪) আমার দোকান ছেড়ে যাও বাপু, ______। (পৃ: ৮৬)
"Leave my shop, Sir, *let me conduct my business*."

৫) ______, কৌয়ার অন্য জগতের মানুষ। (পৃ: ১৭৪)
"*He keeps saying to himself*, Kouar is a being from another world."

৬) কোথাও ভুল করলে কোনো মেয়ের ______। (পৃ: ১৭৬)
[ইজ্জত—honor, chastity, prestige]
"If you slip up at all, some of the women *might get molested* [their honor might leave]."

৭) হঠাৎ ঘ্যাঁচ করে একটি গাড়ি থামে ওদের সামনে। . . . কোসিলা ছিটকে ওঠে, ______? চাপা দেবে নাকি? কি ভেবে . . . (পৃ: ১৭৮)
"A car suddenly screeches to a halt in front of them. . . . Kosila explodes, '*Can't you see*? Were you going to run over us or what? What were you thinking . . . '"

৮) তেত্রি নিমেষে মুখ বন্ধ করে ও ______। (পৃ: ১৭৯)
"Tetri instantly shut her mouth and *just kept running and running*."

III. "WHAT'S-ITS-NAME" (ইয়ে) & "SO AND SO" (অমুক)

ইয়ে is essentially a pronoun used in spoken Bangla when the speaker cannot immediately recall a name or some other word. It can be inflected for case and combined with a verb to form a compound verb:

ইয়ের সঙ্গে দেখা হয়েছে আজ।
"I ran into what's-'is-name today."

কাল ইয়েতে যেতে হবে।
"Tomorrow I have to go to what's-it-called."

তুমি ইয়ে পড়েছ?
"Have you read what's-it-called?"

তুমি কি ইয়ে করেছ?
"Have you what'cha-m'called it?"

আমাকে ইয়েগুলো দেয়া হয়েছে।
"I was given those what'cha-m'call-its."

বিশ্বাস ঝুঁকে বলল—আপনি আমার ইয়ে বোঝেন। আমি আরো তিটে কোম্পানি চালাই ব্যানর্জি। সেগুলো অনেক বেশি রিস্কি।
"Biswas leaned closer and said, 'You understand my . . . er, ah [position? situation? dilemma? problem? whatever]. I run three other companies, Banerjee. And they are even more risky." (Sirshendu Mukhopadhyay)

'হ্যালো সুখেন' 'ও সুখেন'—যেন সুখেন ছাড়া প্রাণ বাঁচে না। সুখেন তোমাদের পীরিতের ইয়ে। ঠিক সময়ে বিয়োলে সুখেনের থেকে বড় ছেলে তোমাদের হত, সে খেয়াল নেই।
"'Hello, Sukhen,' 'O, Sukhen'—as if without your Sukhen you couldn't survive. Sukhen is the what'cha-m'call-it [object? receptacle? whatever] of your affection [of you older married women's affection]. If you had had a child at the conventional time in life, your sons would have been older than Sukhen. But that doesn't seem to dawn on you." (Samaresh Basu)

অমুক is both an adjective ("a certain") and a pronoun ("so and so"); as a pronoun, it is used in much the same way as ইয়ে, to refer to a person whose name is not specified:

আজ অমুক এসেছেন।
"So and so came by today."

অমুকের বাড়িতে যেতে হবে।
"I have to go to a certain person's home."

দেখ, যদি অমুক শিরোমণি, কি অমুক ন্যায়ালঙ্কার আসিয়া তোমার দুধটুকু খাইয়া যাইতেন, তবে তুমি কি তাঁহাকে ঠেঙ্গা লইয়া মারিতে আসিতে?

"See here, had Mr. So and So Blueblood or some Herr Doktor Professor dropped by and drunk your milk, would you have come after him with a stick?" (*Advanced Bengali,* p. 104)

রেসিডেন্সির ভগ্নস্তূপের দেয়ালে কামানের গোলার গর্তে সিপাহী বিদ্রোহের চেহারাটা যেন স্পষ্ট দেখতে পেতাম। মার্বেলের ফলক বলছে—এই ঘরে অমুক দিন অমুক সময়ে কামানের গোলায় স্যার হেনরি লরেন্সের মৃত্যু হয়।

"Through the hole made by the cannonball in the crumbling walls of the Residency, it was as if I could clearly see the outlines of the Sepoy Revolt. A marble slab says—In this room on such and such a day, at such and such a time, by cannon fire Sir Henry Lawrence died." (Satyajit Ray)

Exercises—

1) Think of a tale about somebody going somewhere and doing something. Now write out that tale without specifying who that somebody is or exactly where she/he goes or precisely what is accomplished there. You will want to use both ইয়ে and অমুক liberally, but still make some sense. See just how obfuscating you can be and yet communicate something of the tale.

2) Next, rewrite the initial passage in Lesson II or Lesson III, conveniently "forgetting" the proper Bangla for as many, or as few, of the nouns and verbs as you like, while still making a somewhat coherent statement corresponding to that which is actually communicated in those passages. Again, you will want to use both ইয়ে and অমুক liberally.

3) If you are with someone, have a "meaningful" conversation with that person using ইয়ে and অমুক as though you presume your conversation partner understands perfectly what you are saying. From time to time, ask for "clarification" of what the other person is saying, which, of course, will be given with more ইয়ে and অমুক in new and different contexts.

IV. POSTPOSITIONS: REQUIRED GENITIVE CASE

অনুরূপ "like, similar to, as" (like মত)

ইহাতেও পাঁচালি গানের অনুরূপ একজন বয়স্ক গায়েন থাকেন সত্য,
কিন্তু . . .
"In this, too, AS WITH the *pancali* song, there is an elderly singer, it is true, however . . . " (*Advanced Bengali,* p. 207)

আগে "before, in front of, previous to" (adverb also)

> Many POSTPOSITIONS are ALSO ADVERBS, which do not require any particular case ending on the preceding word. As an adverb, আগে means "ago, previously, early, before, ahead, in front." Note the difference in meaning between the adverb and the postposition in expressions of length of time:
>
> (adverb) এক সপ্তাহ আগে সে ফোন করল।
> "She phoned a week AGO."
>
> (postposition) এক সপ্তাহের আগে আমি তাকে ফোন করব।
> "I'll call her in a week." (BEFORE a week is out, I'll call.)

The postposition আগে is also used in the sense of "ago":

কতো শাল হবে সেটা—১৯৫৯-এর দিকেই বোধ হয়, বছর তিরিশের আগে—
"What year would that have been—around 1950 perhaps, thirty years AGO—"
(Abdul Mannan Syed)

মাইকেল মধুসূদন দত্ত মারা যান এক শো কুড়ি বছরেরও আগে।
"Michael Madhusudan Datta died more than one hundred twenty years AGO."
(Ghulam Murshid)

উপরে/উপর (See ওপরে below.)

উদ্দেশে "toward, in the direction of, for the purpose of"

আমরা নাশতা ফাশতা খেয়ে রওনা হলাম অশোক ভট্টাচার্য মহাশয়ের বাড়ির উদ্দেশে।
"We had breakfast and then set off TOWARD Ashok Bhattacarya's house."
(Abdul Mannan Syed)

উদ্দেশ্যে "aimed at, for the purpose of, with the intention of, in order to"

> মনে হয়, বন্ধুকে আকৃষ্ট করার উদ্দেশ্যে তিনি এই খাবারের নাম উল্লেখ করেছিলেন।
> "It seems to me, he mentioned the name of this food [mutton] IN ORDER TO entice his friend." (Ghulam Murshid)

ওপরে/ওপর/উপরে/উপর "on, on top of, above" (adverb also)

> বাবা-মার ওপর খুশী ছিলাম না।
> "I was not happy WITH Mom and Dad." (Anon.)
>
> **Note**: One is happy or angry "on" someone else in Bangla.

ওপর/উপর দিয়ে "[via the top of] on, on top of, above" (adverb also)

> . . . মুষলধারে বৃষ্টি কচুর পাতার উপর দিয়ে গড়িয়ে যাচ্ছে।
> ". . . the torrents of rain are pouring off the *kochu* squash leaves." (literally: are pouring off VIA THE TOP SURFACE OF the leaves) (*Advanced Bengali,* p. 110)

কথা "about, concerning" (See also Lesson 6, III.)

> . . . ততদিন বাংলাদেশের প্রতিনিধিরা জাতীয় পরিষদের অধিবেশনে যোগ দেবার কথা ভাববে না।
> ". . . as long as [that is going on] the Bangladesh representatives will not consider [think ABOUT] participating in a session of the National Assembly." (*Advanced Bengali,* p. 273)

কাছ থেকে "from" (a human), নিকট হইতে in SADHU

> বোনের কাছ থেকে টাকা ধার করে ঢাকা ঘুরে আসে সে।
> "He borrowed money FROM his sister, took a trip to Dhaka, and returned." (Syed Shamsul Haq, in *Bengali Prose Reader,* p. 132)

কাছে "near" (adverb also), নিকট/নিকটে in SADHU

Note: কাছে can also be translated "with" (I have it with [near] me); "to" (come to [near] me); "from" (I heard it from [near] him)

> এর কাছে অন্তত ভয় নেই।
> "At least WITH him, there was nothing to be afraid of." (Syed Shamsul Haq, in *Bengali Prose Reader,* p. 132)

সেইজন্য সুধীরবাবু আগেই চর পাঠিয়েছেন তার কাছে—
"For that reason, Sudhir babu had earlier sent a secret emissary TO him—"
(Buddhadeva Bose, in *Bengali Prose Reader,* p. 116)

সমস্ত দিন ধরিয়া বিশজনের কাছে ওই এক কথা শুনিলাম।
"For the entire day I heard that same thing FROM the public at large."
(Rabindranath Tagore, in *Bengali Prose Reader,* p. 23)

খাতিরে "for the sake of, in the interest of"

তবু সকলে আমরা দেশের ঐক্য বজায় রাখার খাতিরে উর্দুকে মেনে নিয়েছি।
"This then we all, IN THE INTEREST OF maintaining the integrity of the country, accepted Urdu." (Anwar Pasha)

চাইতে "than, from, compared with" (also see চেয়ে and থেকে), অপেক্ষা in SADHU

আয়নায় মনে হ'লো না মালতীকে অন্য দিনের চাইতে কিছু আলাদা দেখাচ্ছে।
"When she looked in the mirror, it didn't seem to her that she, Maloti, looked any different FROM [compared to] any other day." (Buddhadeva Bose)

(সব চাইতে, সবচাইতে means "most" or the suffix "-est," the superlative degree, and is used as an adjective/adverb: e.g., সবচাইতে ভালো, "best")

চেয়ে "than, from, compared with" (also see চাইতে and থেকে), অপেক্ষা in SADHU

যা, যা, তার চেয়ে বরং গরুর খড় কুচোগে যা।
"Go away, get out of here. RATHER THAN THAT [i.e., "better," in comparison to that (the reference is to writing literature)], go chop up fodder for cows, now get." (Ashapurna Devi)

কলকাতার চেয়ে মফস্বলের প্রকৃতিলোক ঢের ভাল লাগে তার।
"He liked the natural folks of the mofussil far BETTER THAN those of Kolkata."
(Jibanananda Das)

কুসুম . . . বলিল, 'আমি জন্তু নই। আমার সে বুদ্ধি আছে।'
বৃন্দাবন কহিল, 'সেও জানি, আবার বুদ্ধির চেয়ে রাগ তোমার ঢের বেশী তাও জানি।
"Kusum . . . said, 'I'm not an animal. I have that much sense.'
Brindaban responded, 'I know that, and, furthermore, I know also that you have far more anger THAN sense.'" (Saratcandra Cattopadhyay)

(সব চেয়ে, সবচেয়ে means "most" or the suffix "-est," the superlative degree, and is used as an adjective/adverb: e.g., সবচেয়ে ভালো, "best")

> সব চেয়ে ঠাণ্ডা ছেলে বলে তার এক ধরনের খ্যাতি ছিল।
> "He had a kind of fame as the most reserved of guys."
> (Syed Shamsul Haq, in *Bengali Prose Reader,* p. 128)

জন্যে/জন্য "for" (Review Lesson 2, III.)

তরে "for" in SADHU

> ফুল আনিবার তরে ডাক দিয়া বসুন্ধরে
> কুবের দিলেন অনুমতি॥[4]
> "FOR to bring the flowers Summoning Basundhar
> Kubera gave [him] permission." (Bharatcandra Ray)

> ছড়ায়েছি খই ধান বহুদিন উঠানের শালিখের তরে . . .
> "I have scattered puffed rice and paddy many a day FOR the *shalik* birds of the courtyard . . . " (Jibanananda Das)

তলে "beneath, at the base of"

> পায়ের তলে লিকলিকে ট্র্যামের লাইন,—মাথার ওপরে অসংখ্য জটিল তারের জাল . . .
> "Beneath my feet the slender tram track—above my head a mesh of tangled wires . . . " (Jibanananda Das)

তুল্য "like, comparable to, equal to"

> বজ্রনিনাদের তুল্য শব্দে ধনু ভেঙ্গে গেল।
> "With a noise LIKE that of a thunder clap, the bow broke."
> (*Advanced Bengali,* p. 306)

থেকে "than, compared with, compared to" (also see চেয়ে and চাইতে), অপেক্ষা in SADHU

Note: When থেকে means "from a place [e.g., from Dhaka]" or "from a time [e.g., from last year]," the genitive case is optional and not often used (review Lesson 14, IV); থেকে as a COMPARATIVE always REQUIRES the GENITIVE on the preceding word:

> ভাইয়েদের থেকে তার প্রোটিন-প্রাপ্তি কম।
> "Her [girls, generally] protein intake is less THAN her brothers'."
> (Ketaki Kushari Dyson)

[4]Note "tripadi" (three-foot) poetic form.

দিল্লি বুঝি কলকাতার থেকে ভালো জায়গা?
"Delhi, I guess, is a better place THAN Kolkata?" (Sunil Gangopadhyay)

(সব থেকে, সবথেকে means "most" or the suffix "-est," the superlative degree, and is used as an adjective/adverb: e.g., সবথেকে ভালো, "best")

আমার কিন্তু সব থেকে ভালো লাগে . . .
"What I like BEST, however, is . . . " (Ketaki Kushari Dyson)

দরুন "for, because of, owing to, due to; for the sake of"

এতটা বড় হওয়ার দরুন পটগুলির দুই মাথা দুই টুকরা লম্বা কাঠির সঙ্গে লাগিয়ে এগুলিকে জড়িয়ে রাখা হয়।
"DUE TO them being so large, the two ends of the scroll paintings are attached to two long sticks and [the scrolls] are kept rolled up." (*Advanced Bengali,* p. 185)

নিকট হইতে "from" (a human) in SADHU; see কাছ থেকে

গুরুপরম্পরায় ভগবান্ কৃশাশ্বের নিকট সমাগত হইলে, রাজর্ষি বিশ্বামিত্র তাঁহার নিকট হইতে ঐ সমস্ত মহাস্ত্র পাইয়াছিলেন।
"When they [the wondrous weapons] came—by succession from one master to another—to lord Krishashva, it was then that the Rajarshi Visvamitra received all those grand weapons FROM him [FROM Krishashva]." (*Advanced Bengali,* p. 99)

নিকট/নিকটে "near," etc., in SADHU; see কাছে

গুরুপরম্পরায় ভগবান্ কৃশাশ্বের নিকট সমাগত হইলে, রাজর্ষি বিশ্বামিত্র তাঁহার নিকট হইতে ঐ সমস্ত মহাস্ত্র পাইয়াছিলেন।
"When they [the wondrous weapons] came—by succession from one master to another—TO lord Krishashva, it was then that the Rajarshi Visvamitra received all those grand weapons from him [from Krishashva]." (*Advanced Bengali,* p. 99)

নিচে "below, underneath" (adverb also)

পাহাড়ের নিচে—তাহাদের কারু-কারু মণিবন্ধে ঘড়ি
সময়ের কাঁটা হয়তো বা ধীরে-ধীরে ঘুরাতেছে; . . .
"Below a mountain—wristwatches on some of them
Whose hands of time perhaps yet slowly circle; . . . " (Jibanananda Das)

নিমিত্ত/নিমিত্তে "for, on account of, due to, in order to, because of"

সেই পুস্তকে কংগ্রেসের policy বুঝান হইবে এবং কি কি কারণের নিমিত্ত কংগ্রেসের এইরূপ policy হইয়াছে তাহাও লেখা থাকিবে।
"In that volume the policy of the Congress would be explained; and FOR what reasons the Congress's policy is thus, that too would be included." (*Advanced Bengali,* p. 268)

এখানি একবার আপনাকে দেখাবার নিমিত্তেই আমি এখানে আনলেম।
"It was IN ORDER TO show you this very thing [a portrait of a princess] that I brought it here." (Michael Madhusudan Datta)

ন্যায় "like, as, similar to" (like মত)

সাধু-ভাষার ন্যায় চলিত-ভাষাও আজকাল সাহিত্যে খুব ব্যবহৃত হইতেছে।
"LIKE SADHU Bangla, CALIT Bangla is used extensively in literature these days." (*Advanced Bengali,* p. 230)

পক্ষে "for" (Review Lesson 2, III.)

পরিবর্তে "instead of, in place of" (See বদলে below.)

অভিষেকের যে আয়োজন হয়েছে তাতে রামের পরিবর্তে ভরতের অভিষেক হ'ক।
At the enthronement ceremony which has been arranged for, let Bharata IN PLACE OF Rama be so enthroned." (*Advanced Bengali,* p. 306)

পরে/পর "after, later, subsequent to" (adverb also)

Like আগে, পরে/পর is both an adverb and a postposition. However, unlike আগে, the difference between the adverb and the postposition is minimal in expressions of length of time. For instance:

(adverb) এক সপ্তাহ পরে পঞ্চদশ পাঠ শুরু করা হল।
"A week later, the fifteenth lesson was begun."

(postposition) এক সপ্তাহের পরে পঞ্চদশ পাঠ শুরু করা হল।
"After a week, the fifteenth lesson was begun."

পশ্চাতে "behind, in back of" in SADHU (See পেছনে/পিছনে below.)

একদিন প্রভাতকালে রাম গোদাবরীতে স্নান করতে গেলেন, তাঁর পশ্চাতে সীতা এবং কলস হস্তে লক্ষ্মণ চললেন।
"One day in the early morn, Rama went to the Godavari river to bathe; BEHIND him came Sita and, with pitcher in hand, Laksmana." (*Advanced Bengali,* p. 307)

পানে "to, towards, at"

মার্জ্জার মনে মনে হাসিয়া আমার পানে চাহিয়া ভাবিতেছিল, . . .
"The cat smiled to himself and gazing IN MY DIRECTION was thinking, . . . " (*Advanced Bengali,* p. 103)

রৌদ্রতপ্ত স্বচ্ছ আকাশের পানে স্তব্ধ হইয়া চাহিয়া রহিল।
"He remained motionless, gazing AT the clear, hot sky." (Saratcandra Cattopadhyay)

পাশে "beside, alongside, next to" (adverb also)

একজন মণিমালার পাশেও বসেছে।
"Someone even sat down next to Manimala." (*Advanced Bengali,* p. 146)

পাশ দিয়ে "by" (as in "to pass by") (adverb also)

ইকবাল হল পেছনে ফেলে, সলিমুল্লাহ্ হল-জগন্নাথ হলের পাশ দিয়ে গিয়েছিলেন শহীদ মিনার পর্যন্ত।
"Having left Iqbal Hall behind, he had PASSED BY Sahidullah Hall and Jagannath Hall and gone as far as the monument to the martyrs [Shahid Minar]." (Anwar Pasha)

পেছনে/পিছনে/পিছে "behind, back" (adverb also)

এর পেছনে যুক্তি যাই থাকুক না কেন, . . .
"Behind this, whatever justification there may be, . . . " (*Advanced Bengali,* p. 183)

প্রতি "to, towards"

হে বিধাতঃ, তুমি কি নিমিত্ত এ রাজ-বংশের প্রতি এত প্রতিকূল হলে!
"Oh Lord, for what reason have you become so hostile TOWARD this royal house!" (Michael Madhusudan Datta)

বদলে "instead of, in place of"

. . . রাজনৈতিক সংঘর্ষের বদলে সামরিক সংঘর্ষ . . .
". . . military confrontation IN PLACE OF political confrontation . . . " (*Advanced Bengali,* p. 272)

বাইরে "outside, beyond, away" (adverb also)

মণিমালা স্টেজের বাইরে খানিকটা তফাতে একটি নিরিবিলি জায়গায় এসে দাঁড়াল।
"Manimala came and stood in a secluded spot a little separated, AWAY FROM the stage proper." (*Advanced Bengali,* p. 145)

বিপক্ষে "against, in opposition to, on the opposing side of"

প্রবল স্রোত আমাদের বিপক্ষে, . . . আস্তে আস্তে, চলিতে লাগিলাম।
"The strong current was AGAINST us, . . . and we began to move slowly." (*Advanced Bengali,* p. 96)

বিরুদ্ধে "against, in opposition to"

আমি কিন্তু, বিবি, এই ইংরেজী 'ফাণ্ডামেন্টালিজ্‌ম্‌' শব্দটারই বিরুদ্ধে। ওটা একটা ইউজ্‌লেস্‌ শব্দ।
"I, however, Bibi, am OPPOSED TO this English word 'fundamentalism.' It's a useless word." (Ketaki Kushari Dyson)

ভেতরে/ভিতরে "inside, within; between, among" (adverb also)

স্বপ্নের ভিতরে বুঝি—ফাল্গুনের জ্যোৎস্নার ভিতরে
"I suppose it was IN a dream—IN the moonlight of Falgun" (Jibanananda Das)

ভেতর দিয়ে/ভিতর দিয়ে "through" (adverb also)

বাদশা তার বদলে বাজারের ভেতর দিয়ে এলোমেলো হাঁটে।
"Instead, Badsha walked aimlessly THROUGH the bazaar." (Syed Shamsul Haq, in *Bengali Prose Reader,* p. 131)

মত/মতন "like, as, similar to" (Review Lesson 9, III.)

মধ্যে/মাঝে "between, among, in the midst of"

স্নান শেষ করিয়া ফিরিবার সময় তাহার শাশুড়ী ও স্বামীকে ভিড়ের মধ্যে দেখিতে পাইল না।
"When she was returning, after having bathed, she lost sight of her mother-in-law and husband AMIDST the crowd." (Begum Rokeya, in *Bengali Prose Reader,* p. 50)

(মধ্যে মধ্যে/মাঝে মাঝে = "from time to time, once in a while")

মধ্য দিয়ে/মাঝ দিয়ে "through" (adverb also)

যখন বেলা প্রায় অবসান, তখন আমি মেঘের মধ্য দিয়া ক্ষীণপ্রভ সূর্য্যকে একবার দেখিতে পাইলাম।

"When the morning was about over, I could at one point see a pallid sun THROUGH the clouds." (*Advanced Bengali,* p. 97)

সঙ্গে/সাথে "with, in the company of" (adverb also), সহিত in SADHU

পশ্চিম দেশের এক হিন্দু বধূ তাহার শাশুড়ী ও স্বামীর সহিত গঙ্গাস্নানে গিয়াছিল।

"A newly wed Hindu wife from the western regions had gone WITH her mother-in-law and her husband to the Ganges."
(Begum Rokeya, in *Bengali Prose Reader,* p. 50)

✓সঙ্গে/সাথে (করে) নেওয়া, "to take someone (in the objective case, due to নেওয়া) along"

'যদি যাইতেই হয়, তবে আমাকে সঙ্গে করিয়া লও।' আমি তাঁহাকে সঙ্গে লইলাম।

"'If you must go, then take me along with you.' I took her [my wife] along with." (*Advanced Bengali,* p. 95)

(সঙ্গে সঙ্গে/সাথে সাথে = "then and there, immediately")

✓✓As with জন্যে, where সেজন্য/সেইজন্য is grammatical, so with সঙ্গে/সাথে, i.e., with the nonhuman demonstrative pronoun, the genitive is not used.

আজ তারা, বাঙালীরা, পথে বেরিয়ে উর্দু বলে। অন্ততঃ বলতে চেষ্টা করে। কিন্তু সেই সাথে ঘৃণাও করে—বিজাতীয় ঘৃণা। একেবারেই পছন্দ নয় এমন মেয়ের সাথেও মানুষের বিয়ে হয়। অন্য দেশে হয় কি না জানা নেই—আমাদের দেশে তো হয়।

"These days they, the Bengalis, speak Urdu once they step outside their homes. At least they try to speak it. But ALONG WITH THAT, they also loathe it—with a deep-seated loathing. Does a marriage take place even WITH a girl one utterly detests? Whether it happens in other countries or not, I don't know—it happens in ours." (Anwar Pasha)

সামনে "in front of, before, ahead" (adverb also)

পাশা পায়চারি করে ঘরে, তারপর আয়নার সামনে গিয়ে দাঁড়ায়।

"Pasha paced around the room, then went and stood IN FRONT OF the mirror." (Syed Hamidul Husain)

সামনে দিয়ে "[via] in front of, before, ahead" (adverb also)

সেই সময় কালো ঘোড়ায় চড়ে দুইজন রাজপুত ভীলরাজের সামনে দিয়ে চলে গেল।

"At that time, two Rajputs riding black steeds passed by in front of the Bhil raja." (*Advanced Bengali,* p. 129)

হয়ে "for" (also see Lesson 2, III)

তিনি আপনার হয়ে সেই বই মণির কাছে পৌঁছে দিয়ে গেছেন।
"She delivered that book to Moni FOR you." (in place of you)

যে কোনো বাঙালী ছাত্র আপনার হয়ে আপনার বক্তৃতা পড়ে শোনাতে পারে।
"Any Bengali student could read out your lecture FOR you." (on your behalf)

LESSON 16

I. চরিত

সত্যেন্দ্রনাথ বসু (১.১.১৮৯৪-৪.২.১৯৭৪) কলিকাতা। সুরেন্দ্রনাথ। বিশ্ববরেণ্য বিজ্ঞানসাধক, কোয়ার্ণ্টাম স্ট্যাটিস্টিক্সের উদ্ভাবক, পদার্থতত্ত্ববিদ্ ও মাতৃভাষায় বিজ্ঞানচর্চার অন্যতম প্রবক্তা। ১৯০৯ খ্রী. এনট্রান্স পরীক্ষায় পঞ্চম ও ১৯১১ খ্রী. আই. এস-সি. প্রথম হয়ে উত্তীর্ণ হন। ১৯১৩ খ্রী. গণিতে অনার্স নিয়ে বি. এস-সি. এবং ১৯১৫ খ্রী. এম. এস-সি পাশ করে বিশ্ববিদ্যালয়ের নবগঠিত বিজ্ঞান কলেজে মিশ্রগণিতে ও পদার্থবিদ্যায় পঠন-পাঠন ও গবেষণায় আত্মনিয়োগ করেন। এই সময়ে তিনি ড. মেঘনাদ সাহার সাহচর্য লাভ করেন। ১৯২১ খ্রী. নবপ্রতিষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ে পদার্থবিদ্যার রীডার হিসাবে যোগ দেন। এখানে তিনি ২৪ বছর একনিষ্ঠভাবে পদার্থবিদ্যার গবেষণায় নিযুক্ত থাকেন। . . . ১৯২৪ খ্রী. তাঁর 'প্লাঙ্কসূত্র ও কোয়ার্ণ্টাম প্রকল্প' নামে গবেষণামূলক একটি প্রবন্ধ পাঠ করে বিশ্ববিখ্যাত বৈজ্ঞানিক আইনস্টাইন চমৎকৃত হন এবং আইনস্টাইন নিজে জার্মান ভাষায় সেটি অনুবাদ করে বিখ্যাত বিজ্ঞান পত্রিকায় প্রকাশ করেন। প্রবন্ধটি প্রকাশিত হওয়ার পরেই বিজ্ঞানজগতে আলোড়ন পড়ে যায় এবং এই বৈজ্ঞানিক পদ্ধতিটি 'বোস-আইনস্টাইন সংজ্ঞা' নামে সারা বিশ্বে সমাদৃত হয়। . . . মনে প্রাণে তিনি ছিলেন খাঁটি বাঙালী ও দেশপ্রেমিক। সাহিত্য, সঙ্গীত এবং ললিতকলা বিষয়েও তাঁর আকর্ষণ সমভাবে ছিল। 'সবুজপত্র' ও 'পরিচয়' সাহিত্য-গোষ্ঠীর অন্যতম ছিলেন। বেহালা ও এসরাজ ভাল বাজাতে পারতেন। দেশের মুক্তিকামী বিপ্লবীদের সঙ্গে তাঁর ঘনিষ্ঠ যোগাযোগ ছিল। তিনি নানাভাবে তাঁদের সাহায্যও করতেন।

'সংসদ বাঙালী চরিতাভিধান,' সুবোধচন্দ্র সেনগুপ্ত ও অঞ্জলি বসু, সম্পাদক
(কলকাতা: সাহিত্য সংসদ, ১৯৭৬)

II. INFINITIVE/VERBAL NOUN + ANOTHER VERB

There are a number of verbs that may be PRECEDED BY/COMBINED WITH the infinitive and/or the verbal noun. (A) A fair number of verbs combine with either the VERBAL NOUN (NO CASE MARKER) or the INFINITIVE (the infinitive, however, is usually preferred); (B) a few verbs allow for the VERBAL NOUN ONLY (NO CASE MARKER); and (C) a few verbs take either the VERBAL NOUN (GENITIVE CASE) or the INFINITIVE.

A. VERBAL NOUN (NO CASE MARKER) or the INFINITIVE:

Consider the following, from *Intro Bengali,* p. 206:

সেখানে যাওয়া পছন্দ করি।
"I like to go [going] there."

আমি বাংলা পড়া পছন্দ করি।
"I like to read [reading] Bangla."

আমি তোমাকে বাংলা পড়া শেখাব।
"I shall teach you to read [reading] Bangla."

আপনি কি তাকে তবলা বাজানো শেখাবেন?
"Will you teach him to play [playing] the tabla?"

In all of the above examples, the infinitive could replace the verbal noun:

সেখানে যেতে পছন্দ করি।
"I like to go there."

আমি তোমাকে বাংলা পড়তে শেখাব।
"I shall teach you to read Bangla."

Other verbs that take either the verbal noun or the infinitive:

ভাল লাগা "to like" (can take either but shows a tendency to prefer the infinitive)

একটু দুঃখের মধ্যেই মানুষকে দেখতে বোধ হয় আমার ভাল লাগে।
"I perhaps like to see [enjoy seeing] people experiencing a little sorrow."
(Sirshendu Mukhopadhyay)

শুরু/আরম্ভ করা "to begin"

রামায়ণ আবৃত্তি করবার শুরু করলেন।
রামায়ণ আবৃত্তি করতে শুরু করলেন।
"He began to recite the *Ramayana*."

B. VERBAL NOUN (NO CASE MARKER) ONLY:

শেষ করা "to stop, cease, finish, complete"

রামায়ণ আবৃত্তি করা শেষ করলেন।
"He stopped/finished reciting the *Ramayana*."

"STOP DOING"

শেষ করা (transitive verb, i.e., can take a direct object) behaves like the verb "to stop [in the sense of 'to complete']" in English in that it takes only the verbal noun, never the infinitive, when the intended meaning is to STOP/COMPLETE AN ACTIVITY:
"One stops/completes DOING an action."

তিনি চা খাওয়া শেষ করলেন।
"She finished [stopped] drinking [her] tea."

In such a sentence, frequently the verbal noun is omitted:

চা শেষ করলেন।
"She finished [her] tea."

"STOP TO DO"

When the intended meaning is to STOP IN ORDER TO DO AN ACTIVITY, e.g., "One stops TO DO an action," then থামা (intransitive verb) is used with the infinitive:

তিনি চা খেতে থামলেন।
"She stopped to drink [have] tea."

"STOP FROM DOING"

When the intended meaning is to STOP/PREVENT THE DOING OF AN ACTIVITY ON A REGULAR BASIS, e.g., "One stops [not in the sense of 'completing,' however] DOING some action or stops someone else from DOING some action," then বন্ধ করা (transitive verb) is used with the verbal noun (no case marker):

তিনি (তাঁর) চা খাওয়া বন্ধ করলেন।
"She stopped [gave up] drinking tea."

তারা তাঁর চা খাওয়া বন্ধ করলো।
"They stopped her from drinking tea."
("They put an end to her tea drinking ways.")

বন্ধ করা "to stop, put a stop to, prevent, block, shut, close"

আপনারা যদি রাস্তাতে ষাঁড়ের চলা বন্ধ করতেন তাহলে শহরটা একটু ভদ্র হতো।
"If you would prevent the wandering of bulls about the streets, the city would become a little civilized." (*Intro Bengali,* p. 333)

